

ক্রেডিট ইউনিয়নে পেশাদারিত্ব প্রবর্তন

ক্রেডিট ইউনিয়ন নীতমালা ম্যানুয়েল

মডিউল - ২

ক্রেডিট ইউনিয়নের মানসম্মত অবস্থান নির্ধারণ, পরিকল্পনা এবং আর্থিক ব্যবস্থাপনা



যৌথ প্রস্তুতকারী :

দি এসোসিয়েশন অব এশিয়ান কনফেডারেশন অব ক্রেডিট ইউনিয়নস

(আকু)

ব্যাংকক, থাইল্যান্ড

এবং

দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ

(কাল্ব)

কাল্ব ভবন, স্কুল রোড, খিলবাড়ীর টেক, গুলশান, ঢাকা-১২১২।

উপক্রমণিকা

ইংরেজী ১৯৫৫ সালের ৩রা জুন, তারিখে এদেশে সর্বপ্রথম ক্রেডিট ইউনিয়নের সূত্রপাত। সেই হিসেবে এদেশের ক্রেডিট ইউনিয়নের ইতিহাস প্রায় অর্ধশতকের। ১৯৫৫ সালের পর বিভিন্ন স্থানে ক্রেডিট ইউনিয়ন প্রতিষ্ঠা এবং ক্রেডিট ইউনিয়নকে একটি আদর্শ এবং আন্দোলন রূপে ঐক্যবদ্ধভাবে এগিয়ে নেয়া এবং সমগ্র দেশব্যাপী সম্প্রসারণের লক্ষ্যে ১৯৭৯ সালের ১৪ই জানুয়ারী প্রতিষ্ঠিত হয় **কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব)**। কাল্ব-এর মূল কার্যক্রম ক্রেডিট ইউনিয়ন গঠন ও সম্প্রসারণ এবং তদারকীকরণ। বাংলাদেশের ক্রেডিট ইউনিয়ন সমূহের জাতীয় সংগঠন কাল্ব প্রতিষ্ঠার পর হতে এদেশে ক্রেডিট ইউনিয়ন আন্দোলন সম্প্রসারণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এই মূল লক্ষ্য বাস্তবায়নের জন্য কাল্ব বিভিন্ন সময় বিভিন্ন ধরনের শিক্ষা/প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। শিক্ষা/প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতায় এদেশের ক্রেডিট ইউনিয়ন সমূহে পেশাদারিত্ব প্রবর্তনের লক্ষ্যে বিগত মার্চ, ২০০২ কাল্ব-এর পক্ষ থেকে “**ক্রেডিট ইউনিয়নে পেশাদারিত্ব প্রবর্তন**” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়।

“**প্রতিটি ক্রেডিট ইউনিয়ন একটি টেকসই সমাজ ভিত্তিক সার্বিক আর্থিক গণ-সংগঠন**” ক্রেডিট ইউনিয়নের সমকালীন এই মৌলিকত্ব-কে প্রতিপাদ্য করে দি এসোসিয়েশন অব এশিয়ান কনফেডারেশন অব ক্রেডিট ইউনিয়নস (আকু)-এর সহযোগিতায় এবং আকু স্থিরকৃত নির্দিষ্ট কিছু শর্তাবলীর আওতায় যোগ্যতা সম্পন্ন ১৫টি ক্রেডিট ইউনিয়নে কাল্ব “**ক্রেডিট ইউনিয়নে পেশাদারিত্ব প্রবর্তন**” শীর্ষক ৫টি প্রশিক্ষণ কর্মশালার বাস্তবায়নের মাধ্যমে ৫টি নীতিমালা ম্যানুয়েল প্রস্তুতের কাজ শুরু করা হয়। বিগত ২৮-৩১শে মে, ২০০২ কুমিল- ১র বার্ড-এ ১ম কর্মশালা অনুষ্ঠানের মাধ্যমে মডিউল-১ “**ক্রেডিট ইউনিয়ন পরিচালনা নীতিমালা**” ম্যানুয়েল প্রণয়ন চূড়ান্ত করা হয়, যা বর্তমানে উল্লেখিত ১৫টি ক্রেডিট ইউনিয়নে বাস্তবায়নাধীন।

আপনারা জেনে খুশি হবেন, বিগত ২০-২২শে অক্টোবর, ২০০২ তারিখে কারিতাস কেন্দ্রীয় কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে একই সমিতির প্রতিনিধিগণের অংশ গ্রহণে প্রণীত মডিউল-২ “**ক্রেডিট ইউনিয়নের মানসম্মত অবস্থান নির্ণয়, পরিকল্পনা এবং আর্থিক ব্যবস্থাপনা**” বিষয়ক ম্যানুয়েল চূড়ান্ত করা হয়েছে। ইতিমধ্যে ২টি মডিউল চূড়ান্তকরণের দুরূহ দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আমি দি এসোসিয়েশন অব এশিয়ান কনফেডারেশন অব ক্রেডিট ইউনিয়নস (আকু)-এর নির্বাহী প্রধান মিঃ রঞ্জিত হিত্তিয়ারাচী, ম্যানেজার, মেম্বার সার্ভিস, মিস্ এলেনিটা সান রকে (লেনী) এবং কাল্ব-এর পক্ষে এই কার্যক্রমের দায়িত্ব পালনকারী মিঃ এড্রু ডি’কস্তুকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি এদেশের ক্রেডিট ইউনিয়ন সমূহের মূল ব্রত বাস্তবায়নের জন্য ইতিমধ্যে প্রণীত এই মডিউলদ্বয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সক্ষম হবে। এদেশের ক্রেডিট ইউনিয়ন সমূহ প্রণীত ক্রেডিট ইউনিয়ন পরিচালনা নীতিমালা ম্যানুয়েল যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে মানসম্মত অবস্থানে উন্নীত হউক এই কামনাই করি।

জোনাস ঢাকী
চেয়ারম্যান, কাল্ব

তারিখ : ঢাকা, ৩০শে অক্টোবর, ২০০২।

সূচীপত্র

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা নং
১।	ঋণ কার্যক্রম পরিচালনাকারী ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতির মানসম্মত হিসাব খাতের তালিকা।	১-৯
২।	ক্রেডিট ইউনিয়নের মানদণ্ড বিশ্লেষণ। (PEARLS)	১০-১৮
৩।	ঋণ আদায় ও খেলাপী ঋণ নীতিমালা	১৯-৩৩
৪।	সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালা	৩৪-৪৪

ঋণ কার্যক্রম পরিচালনাকারী ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতি
সমূহের মানসম্মত হিসাব খাত সমূহের তালিকা

আর্থিক অবস্থার প্রতিবেদন (Statement of Financial Condition)		
কোড নং	হিসাব খাত সমূহের নাম	সংক্ষিপ্ত সংজ্ঞা/বিবরণ
<p>সম্পদ-পরিসম্পদ হিসাব : হিসাব বিজ্ঞানের সাধারণ বিধান ও নিয়মাবলী অনুযায়ী কোন ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতি সমূহের অর্থ সংগ্রহ ও অন্যান্য প্রাপ্তি সমূহকে সম্পদ-পরিসম্পদ হিসাব বলা হয়।</p> <p>চলতি সম্পদ-পরিসম্পদ হিসাব : ক্রেডিট ইউনিয়নের ১ বছর সময়কালের পরিচালনা চক্রে যে অর্থ নগদ পরিশোধ বা বিক্রয় লব্ধ অর্থ ফেরত পাওয়া যাবে বা যে সকল ক্রয়কৃত দ্রব্যাদি ব্যবহৃত হবে, সে সকল হিসাব সমূহ এই খাতের অন্তর্ভুক্ত হবে।</p>		
১০১	হাতে নগদ	সকল নগদ অর্থ, তারিখ অতিক্রান্ত নয় এমন চেক, পোস্টাল মানি অর্ডার বা ডিমান্ড ড্রাফট যা সমিতিতে রয়েছে এবং কোন নগদ অর্থ যা সমিতির হিসাবে জমার অপেক্ষায় রয়েছে এমন হিসাব সমূহকে এই খাতে প্রদর্শন করা হবে।
১০২	ব্যাংক জমা	ক্রেডিট ইউনিয়নের ব্যাংকে সঞ্চয়ী, চলতি, স্বল্প মেয়াদী আমানত এবং স্বল্প মেয়াদের অন্যান্য গচ্ছিত অর্থ/তহবিলকে বুঝায়। এজন্য আলাদা আলাদাভাবে ক্রেডিট ইউনিয়নের লেজার-এ সংশ্লিষ্ট হিসাব খাত সমূহ লিপিবদ্ধ রাখতে হবে।
১০৩	প্যাটি ক্যাশ তহবিল	ক্ষুদ্র ক্ষুদ্র এবং তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যয় মেটানোর জন্য সংরক্ষিত সীমিত পরিমাণ অর্থকে পেটিক্যাশ বলা হয়। এই তহবিল একটি ঘূর্ণায়মান তহবিল, যা মূল তহবিল হতে আলাদা করে বিভিন্ন ছোট আকারের ক্রয় যেমন : স্টেশনারী বা বিভিন্ন দ্রব্যাদি ক্রয়, স্থানীয় যাতায়াত বা আপ্যায়ন বাবদ ব্যয় এই তহবিল হতে ব্যয় করণ পূর্বক যথাযথ হিসাব পেশ সাপেক্ষে পুনরায় তহবিল পূর্ণ করে রাখা হয়।
১০৪	ঘূর্ণায়মান তহবিল	মূল তহবিল হ'তে আলাদা করে রাখা, সম্পূর্ণ পৃথক হিসাব সংরক্ষণের মাধ্যমে সদস্যদের উত্তোলনের চাহিদা মেটানো বা গৃহীত ঋণের সুদ পরিশোধের জন্য ক্রেডিট ইউনিয়ন এই তহবিল পরিচালনা করবে। তবে এই তহবিল হ'তে বর্ণিত খাত ছাড়া অন্যান্য ব্যয় বা কোন পাওনা চেক-এর পাওনা পরিশোধের জন্য ব্যবহার করা যাবে না। প্যাটি ক্যাশ-এর মতই এই তহবিল সম্পূর্ণ পৃথকভাবে পরিচালিত ও সংরক্ষিত থাকবে এবং ব্যয়ের যথাযথ ভাউচার পেশ পূর্বক নতুন করে ব্যয়িত খরচ তহবিলে নগদ পরিশোধ করা হবে।
১১২	কর্মকর্তা/কর্মীদের কার্যক্রমের জন্য অগ্রীম	কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ক্রেডিট ইউনিয়নের বিভিন্ন কর্ম সম্পাদনের জন্য কর্মকর্তা/কর্মীদের প্রদত্ত অগ্রিম অর্থ যা সংশ্লিষ্ট কর্ম সম্পাদনের পর তাৎক্ষণিকভাবে হিসাব-নিকাশ বুঝিয়ে দিতে হয়।
১৪০	স্বল্প মেয়াদী বিনিয়োগ	ত্রিৎ বিপননযোগ্য জামানত, সরকারী বন্ড ও অন্যান্য বিনিয়োগ যা তাৎক্ষণিকভাবে নগদীকরণ সম্ভব।
১৫০	আদায়যোগ্য ঋণ - চলতি	সদস্যদের প্রদত্ত ঋণ, যা এ পর্যন্ত পরিশোধ করার সময় পূর্ণ হয়নি।

১৫১	আদায়যোগ্য ঋণ কিম্বা পুনঃনির্ধারিত	সম্পূর্ণ বকেয়া সুদ পরিশোধ পূর্বক যে সকল ঋণ পুনঃনির্ধারিত কিম্বা পরিকল্পনায় আদায় করার নতুন চুক্তি স্বাক্ষরিত হয়েছে এমন ঋণের মোট পাওনা।
১৫২	আদায়যোগ্য ঋণ - মেয়াদোত্তীর্ণ	সদস্যদের নিকট হ'তে প্রাপ্য মেয়াদোত্তীর্ণ ঋণ যা বিতরণকৃত ঋণ কিম্বা পরিশোধের সময়কাল হিসেবে (ধর্মবরহম) পূর্বক মেয়াদোত্তীর্ণ হিসেবে ধরা হয়েছে। কোন ঋণ (ageing) এর কারণে মেয়াদোত্তীর্ণ হলে সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত বা পুনঃনির্ধারিত চুক্তি মোতাবেক নিয়মিত কিম্বা আদায় সম্পন্ন না হলে বা পুনঃতফসীলিকরণ/সময় বর্ধিতকৃত অথবা যথাসময় সম্পূর্ণ আদায় বা নির্ধারিত সময়ের পূর্বে পরিশোধ না হলে এই হিসাব খাতে প্রদর্শন করতে হবে।
১৫৩	আদায়যোগ্য ঋণ : আইনী পদক্ষেপ গ্রহীত	যে সকল ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে আইনী পদক্ষেপ গ্রহীত বা আদায় এজেন্ট নিয়োগ করা হয়েছে সেই ঋণ সমূহ এই হিসাব খাতে দেখাতে হবে। আইনী পদক্ষেপ গ্রহীত হয়েছে বা আদায় এজেন্ট নিয়োগ করা অবস্থায় থাকলে এ সকল ঋণ সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট ঋণ সমূহকে এই হিসাব খাতে দেখাতে হবে।
১৫৪	সম্ভাব্য কু-ঋণ সঞ্চিতি	মেয়াদোত্তীর্ণ ঋণ সমূহের বিপরীতে সঞ্চিতি সংরক্ষণ বা সন্দেহজনক ঋণের জন্য সঞ্চিতি এই খাতে হিসাব রাখা হবে। এটি আদায়যোগ্য ঋণের একটি হিসাব হিসেবেও পরিচিত হতে পারে।
১৬১	কর্মকর্তা/কর্মীদের নিকট আদায়যোগ্য তহবিল	দায়িত্ব প্রাপ্ত আদায়কারী কর্মকর্তা/কর্মীর আদায়কৃত নগদ অর্থ জমা না করা অর্থ বা কর্মকর্তা/কর্মীদের কৃত ক্ষতি, যা অতিসত্তর সুরাহা হওয়া দরকার বা শাস্তিভূলক ব্যবস্থা গ্রহীত হওয়া প্রয়োজন।
১৬২	অন্যান্য আদায়যোগ্য	উপরের আদায়যোগ্য খাতে যে সকল আদায়যোগ্য প্রদর্শন করা হয়নি এমন আদায়যোগ্য। যেমন : - সদস্য ব্যতীত অন্য লোকের নিকট যে কোন সেবার জন্য মূল্য; - যে কোন সদস্যের পূর্বের জমাকৃত অর্থের অধিক আদায়যোগ্য ক্রেডিট ইউনিয়নের নিকট বন্ধকী সম্পদের ইন্সুরেন্স প্রিমিয়াম, ট্যাক্স, অন্যান্য সরকারী পাওনাদি, পরিদর্শন ফি, অবলোপন ব্যয় বা অন্যান্য খরচাদি।
১৭০	অব্যবহৃত অফিস সাপ- আই	বৎসরান্বেদ্য অবশিষ্ট অফিস সাপ- আই-এর মূল্য।
১৭৪	পূর্ব পরিশোধিত খরচ	ভবিষ্যতের লাভজনক কারণে প্রতিবছর প্রদানকৃত অগ্রিম অর্থ, যেমন : ইন্সুরেন্স, সুদ, বিজ্ঞাপন ব্যয় বা কোন কিছু ভাড়া গ্রহণের ব্যয় ইত্যাদি।

দীর্ঘমেয়াদী বিনিয়োগ :

ক্রেডিট ইউনিয়নের তহবিল যা ১ বৎসরের অধিক সময়ের জন্য বিনিয়োগ করা হয়েছে।

১৮২	কেন্দ্রীয় সমিতিতে বিনিয়োগ	মালিকানা সত্ত্বের জন্য অন্য সমবায় বা কেন্দ্রীয় সমিতিতে শেয়ার জমা।
১৮৪	দীর্ঘ মেয়াদী বিনিয়োগ : সরকারী বন্ড বা অন্যান্য মেয়াদী জমা।	সরকার কর্তৃক ইস্যুকৃত দীর্ঘ মেয়াদী বিভিন্ন বন্ড/আমানত।
১৮৫	দীর্ঘ মেয়াদী বিনিয়োগ : অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতঃ)	অন্যান্য সকল দীর্ঘ মেয়াদী বিনিয়োগ যা উপরে উল্লেখ করা হয়নি।

সম্পদ ও সরঞ্জামাদি :

সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, ক্রেডিট ইউনিয়ন পরিচালনায় ১ বৎসরের অধিক ব্যবহারযোগ্য সম্পদ-পরিসম্পদ, যা বিক্রয়ের উদ্দেশ্য নিয়ে ক্রয় করা হয়নি।

১৯১	ভূ-সম্পত্তি	ক্রেডিট ইউনিয়ন কর্মকান্ড পরিচালনার জন্য ক্রয়কৃত ভূ-সম্পত্তির মূল্য, রেজিস্ট্রেশন ব্যয়, বিক্রয় কমিশন, বকেয়া ট্যাক্স, জরিপ খরচ, আইন খরচ প্রভৃতি এই খাতে হিসাব করতে হবে। ভূ-সম্পত্তি ক্রয়ের কর বা দান-অনুদানের ক্ষেত্রে সন্দেহজনক বাজার মূল্যায়ন করতে হবে। সরকারী উন্নয়ন ব্যয় বা ট্যাক্স এই খাতে প্রদর্শিত হবে।
১৯২	ভূ-সম্পত্তি উন্নয়ন	ভূ-সম্পত্তি ক্রয় ও দখলে নেয়ার পর অবচয় হবে এমন খাতে ব্যয়িত উন্নয়ন খরচ যেমন : সীমানা নির্ধারণ, সীমানা প্রাচীর, পয়ঃপ্রণালী ও পানির ব্যবস্থা, যা ব্যবহার সময় অনুযায়ী মূল্য অবচয় ধরা হবে। অবচয় হবে না এমন উন্নয়ন ব্যয় সরাসরি ভূ-সম্পত্তি খাতে দেখাতে হবে। এধরনের খরচের মধ্যে রয়েছে জরিপ খরচ, জঞ্জাল মুক্তকরণ ব্যয়, মান নির্ধারণ ব্যয়, ভাগাভাগিকরণ ব্যয়, প্রাথমিক ল্যান্ড স্কেপিং খরচ সমূহ ধরতে হবে।
১৯৩	পুঞ্জিত অবচয় : ভূ-সম্পত্তি উন্নয়ন	ভূমি উন্নয়নের ব্যয় যা নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট হারে সমহারে সংরক্ষণের মাধ্যমে অবচয় সংরক্ষণ।
১৯৪	দালান-কোঠা	ক্রেডিট ইউনিয়নের নিজস্ব জমিতে ক্রেডিট ইউনিয়ন কর্মকান্ড পরিচালনার জন্য নির্মিত দালান-কোঠা নির্মাণ ব্যয়। উক্ত দালান কোঠা দীর্ঘ স্থায়িত্বের জন্য বড় ধরনের উন্নয়ন, মেরামত ব্যয় এই খাতে দেখাতে হবে।
১৯৭	পুঞ্জিত অবচয় : দালান-কোঠা	ক্রেডিট ইউনিয়নের পরিচালনায় ব্যবহৃত দালান-কোঠার অবচয়কৃত অর্থ যা নির্দিষ্ট সময়ান্বেদ হিসেব করা হবে, তা এই হিসাব খাতে দেখাতে হবে।
২০৫	আসবাব-পত্র, স্থায়ী সরঞ্জাম এবং অফিস যন্ত্রপাতি	ক্রয়কৃত বা দান প্রাপ্ত আসবাব-পত্র বা স্থায়ী সরঞ্জামের প্রকৃত ক্রয়মূল্য বা ধার্যকৃত মূল্য অফিস যন্ত্রপাতির ক্রয় মূল্য বা দান-অনুদান-এর ধার্যকৃত মূল্য, এই হিসাব খাতে দেখাতে হবে। যেমন : টেবিল, চেয়ার, ফাইল ক্যাবিনেট, আলমারী, স্থায়ী সরঞ্জাম, কম্পিউটার প্রভৃতি দ্রব্যাদি অফিসে পৌঁছানো পর্যন্ত ব্যয় এই খাতে দেখানো হবে। এসব দ্রব্যাদির জন্য সাধারণভাবে স্বীকৃত হারে মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে অবচয় ধার্য করতে হবে। আসবাব-পত্র, স্থায়ী সরঞ্জাম এবং অফিস যন্ত্রপাতি যা দান-অনুদান হিসেবে ক্রেডিট ইউনিয়নে প্রাপ্ত হয়েছে তার মূল্য নির্ধারণে সঠিক বাজার মূল্য ধরেই হিসাব করতে হবে।
২০৬	পুঞ্জিত অবচয় : আসবাব-পত্র, স্থায়ী সরঞ্জাম এবং অফিস যন্ত্রপাতি	চলতি পরিচালনা ব্যয় হিসেবে নির্দিষ্ট সময়ান্বেদ আসবাব-পত্র, স্থায়ী সরঞ্জাম বা যন্ত্রপাতির নির্ধারিত অবচয় এই হিসাব খাতে প্রদর্শন করতে হবে।
২০৮	যানবাহন	ক্রেডিট ইউনিয়নের মালিকানাধীন বিভিন্ন ধরনের যানবাহন, যেমন : মটর গাড়ী, পিক-আপ ভ্যান, মটরসাইকেল বা অন্য যে কোন ধরনের যানবাহন যার দ্বারা ক্রেডিট ইউনিয়নের নেতা-কর্মীদের যাতায়াত, মালপত্র পরিবহন করা হয়। এ ধরনের যানবাহনের ক্রয়মূল্য বা দান-অনুদান হলে নির্ধারিত বাজার মূল্যকে বুঝাবে।

২০৯	পুঞ্জিত্ত অবচয় ঃ যানবাহন	চলতি কার্যক্রমের মুনাফা হ'তে যানবাহনের নির্দিষ্ট সময়াল্পেড় অবচয়কৃত তহবিল এই খাতে সংরক্ষণ করা হবে।
২১০	চুক্তিভিত্তিক স্বল্প বা দীর্ঘমেয়াদী সম্পদ/দালান-কোঠা	চুক্তিতে গৃহীত জমির জন্য প্রদানকৃত অর্থ, সেই জমিতে নির্মিত দালান-কোঠা বা পূর্বের দালান-কোঠার উন্নয়ন ব্যয় এই খাতে সংরক্ষণ করা হবে।
<p>অন্যান্য সম্পদ-পরিসম্পদ ঃ</p> <p>অন্যান্য সম্পত্তি, যা উপরে উলে- খিত খাত সমূহের ব্যাখ্যায় ফেলা যায় না বা যে সকল সম্পদ-পরিসম্পদ উল্লেখিত খাত সমূহে সংরক্ষণ করা হয়নি বা করা যায় না সেই সকল সম্পদ-পরিসম্পদ এই খাতে প্রদর্শন করতে হবে।</p>		
২৫০	সাংগঠনিক ব্যয়	ক্রেডিট ইউনিয়নের পুরোদস্তুর পরিচালনার পূর্বে যেমন গঠন ও সম্প্রসারণকালীন ব্যয় এই খাতে সংরক্ষণ করতে হবে। সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর মেয়াদে সমন্বয়যোগ্য এধরনের ব্যয় গুলোর মধ্যে থাকবে : ক) সংগঠনের আইনগত ব্যয় সমূহ; খ) নিবন্ধন খরচ; গ) শেয়ার সার্টিফিকেট মুদ্রণ, শেয়ার ইস্যু ও হস্তান্তর রেজিস্ট্রার, সীল; এবং ঘ) ক্রেডিট ইউনিয়ন গঠনকালীন অন্যান্য ব্যয়।
২৫১	কম্পিউটারাইজেশন ব্যয়	বিভিন্ন সফটওয়্যার ক্রয় বা উন্নয়ন ব্যয় সমূহ এই খাতে সংরক্ষণ করতে হবে এবং সর্বোচ্চ ৩ বছরে এই ব্যয় সমন্বয়ের ব্যবস্থা থাকবে।
২৫২	অন্যান্য তহবিল ও আমানত	ক্রেডিট ইউনিয়ন কর্তৃক নির্ধারিত বিভিন্ন তহবিল, সংরক্ষিত তহবিলের অংশ যা আলাদা করে রাখা হয়েছে বা অর্থদানকারী অন্য প্রতিষ্ঠানের সহযোগীতা/ঋণ প্রাপ্তির জন্য সেই প্রতিষ্ঠানে গচ্ছিত নিশ্চয়তামূলক তহবিল যা ঐ সংস্থার চুক্তি শর্ত মোতাবেক জমা করা হয়েছে এই খাতে সংরক্ষণ ও প্রদর্শন করতে হবে। এজন্য একটি ক্রেডিট ইউনিয়ন আলাদা ব্যাংক হিসাব খুলতে পারবে।
২৫৭	ঋণের বিপরীতে অর্জিত সম্পদ	পাওনা ঋণ হিসাবের বিপরীতে আইনগতভাবে অথবা অন্যভাবে অর্জিত সম্পদ-পরিসম্পদ এই খাতে প্রদর্শিত হবে। এধরনের সম্পদ-পরিসম্পদ ক্রেডিট ইউনিয়ন পরিচালনায় ব্যবহৃত হলেও এই খাতে দেখাতে হবে।
২৫৮	অন্যান্য ভূ-সম্পত্তি	ক্রেডিট ইউনিয়নের মূল পরিচালনায় ব্যবহৃত হয়না কিন্তু সম্পত্তি ক্রয় করা হয়েছে এমন ভূ-সম্পত্তি এই খাতে দেখাতে হবে।
২৫৯	অন্যান্য দালান-কোঠা	ক্রেডিট ইউনিয়ন পরিচালনার মূল কর্মকাণ্ডে ব্যবহৃত হয়না এমন দালান-কোঠা এই খাতের অন্তর্ভুক্ত হবে।
২৬০	পুঞ্জিত্ত অবচয় ঃ অন্যান্য দালান-কোঠা	অন্যান্য দালান-কোঠার পুঞ্জিত্ত অবচয় এই খাতে অন্তর্ভুক্ত হবে।
২৬১	বিবিধ সম্পদ	উপরে উল্লেখিত কোন খাতে প্রদর্শন করা যায় না এমন সম্পদ।

দায়-দেনা হিসাব :		
ক্রেডিট ইউনিয়নের আর্থিক দায়-দেনা সমূহ যা সাধারণভাবে স্বীকৃত হিসাব বিজ্ঞান নীতিমালা (GAAP)-এ পরিমাপ ও স্বীকার করা হয়।		
চলতি দায়-দেনা :		
একটি ক্রেডিট ইউনিয়নের সাধারণভাবে কর্মকান্ডের ১ বৎসরের চক্রে প্রাক্কলিত/অনুমিত বা সম্ভাব্য সৃষ্ট আর্থিক দায়-দেনা যা একই সময়চক্রে আদায়কৃত/অর্জিত সম্পদ-পরিসম্পদ হতে মেটানো হবে এমন দায়-দেনা এই হিসাব খাতে দেখানো হবে।		
৩০০	সাধারণ সঞ্চয়	সদস্য বা সঞ্চয়কারী কর্তৃক জমাকৃত সঞ্চয়, যা সদস্য বা সঞ্চয়কারীর ইচ্ছানুযায়ী যে কোন সময়ে উত্তোলনযোগ্য।
৩০৩	মেয়াদী সঞ্চয়	সদস্য বা সঞ্চয়কারী কর্তৃক স্বল্প মেয়াদের জন্য জমাকৃত আমানত, যা নির্ধারিত সময়ালোড় উত্তোলনযোগ্য।
৩০৪	ঋণ পরিশোধযোগ্য স্বল্প মেয়াদী	চলতি এক বছরের মধ্যে ক্রেডিট ইউনিয়নের অন্য আর্থিক প্রতিষ্ঠান, কেন্দ্রীয় সমিতি বা কোন ব্যক্তির নিকট হতে গৃহীত পরিশোধযোগ্য ঋণ।
৩০৯	সংগৃহীত ট্যাক্স : পরিশোধযোগ্য	দেশের আইন অনুযায়ী কর্মীদের বেতন-ভাতা হ'তে সমন্বয়কৃত বা সমন্বয়যোগ্য ট্যাক্স বা আয় কর প্রদানের জন্য তহবিল সংরক্ষণ এই খাতে প্রদর্শিত হবে।
৩১০	পরিশোধযোগ্য ব্যয়	ইতিমধ্যে ব্যয় অনুষ্ঠিত হয়েছে, কিন্তু হিসাব বিবরণী প্রস্তুত পর্যন্ত পরিশোধ করা হয়নি, যা আগামী অর্থ বছরে পরিশোধযোগ্য এমন হিসাব এই খাতে দেখাতে হবে। যেমন কোন কাজ বা সেবা পূর্ণ সম্পাদন শেষে পরিশোধযোগ্য ব্যয় বর্ণিত হিসাব বর্ষের সমাপ্তি শেষে পরিশোধ করতে হবে, কর্মীদের কৃত কাজের পারিতোষিক প্রদান করা হয়নি যা আগামী অর্থবছরে পরিশোধ করতে হবে বা যে সকল সেবা ও দ্রব্য প্রাপ্তি সুসম্পন্ন হয়েছে কিন্তু তার মূল্য পরিশোধ করা হয়নি এমন ব্যয় এই খাতে সংরক্ষিত থাকবে।
৩১১	শেয়ার মূলধনের লভ্যাংশ	সদস্যদের ক্রয়কৃত শেয়ার মূলধনের লভ্যাংশ যা হিসাব বছর ও বার্ষিক সাধারণ সভা শেষে নিশ্চিত করা যাবে।
৩১২	পৃষ্ঠপোষকতার সম্মানী	সদস্যদের পৃষ্ঠপোষকতার সম্মানী, যা হিসাব বছরালোড় বার্ষিক সাধারণ সভায় নিশ্চিত করা সম্ভব হবে।
৩১৩	সমবায় বিভাগীয় পাওনা (CDF)	দেশের প্রচলিত সমবায় আইন বা বিধান অনুযায়ী একটি ক্রেডিট ইউনিয়নের সমবায় বিভাগের শিক্ষা প্রশিক্ষণের জন্য প্রদেয় তহবিল এই খাতে সংরক্ষণ করতে হবে। এই অর্থ দেশের সমবায় বিভাগে পরিশোধযোগ্য।
৩১৪	অনার্জিত আয়	তহবিল হস্তান্তর হয়েছে, কিন্তু আয় অর্জনের সময়/মেয়াদ পূর্ণ হয়নি।
৩১৬	অন্যান্য প্রদেয়	অন্যান্য দায় যা উপরে উল্লেখিত দায়-দেনা হিসাব সমূহে প্রদর্শিত হয়নি বা প্রদর্শন করা যায় না।

দীর্ঘ মেয়াদী দায়-দেনা :

এক বছরের বেশি সময়ে পরিশোধযোগ্য দায়-দেনা ।

৩২০	ঋণ পরিশোধযোগ্য (দীর্ঘ মেয়াদী)	অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, কেন্দ্রীয় সমিতি বা কোন ব্যক্তির নিকট হ'তে গৃহীত এক বছরের অধিক বেশি সময়ে পরিশোধযোগ্য ঋণ ।
৩২১	কার্যকরী মূলধনের লভ্যাংশ	গৃহীত ঋণের প্রলম্বিত সুদ বা হিসাব বছরান্বেড় বার্ষিক সাধারণ সভায় অনুমোদনযোগ্য লভ্যাংশ ।
৩২২	অবসর ভাতা প্রদেয়	ক্রেডিট ইউনিয়নের কর্মীদের অবসরকালীন ভাতা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মীবৃন্দের প্রাক্কলিত সময়ের জন্য প্রদেয় সংরক্ষিত অবসর ভাতা এই খাতে পুঞ্জীভূত করতে হবে ।
৩২৩	অন্যান্য দীর্ঘ মেয়াদী প্রদেয়	অন্যান্য প্রদেয় হিসাব যা উপরে বিভাজিত খাত সমূহে প্রদর্শন করা যায়না ।

অন্যান্য দায়-দেনা :

অন্যান্য সকল দায়-দেনা যা উপরে বিভাজিত দায়-দেনায় দেখানো যায়না ।

৩৩১	শেয়ার মূলধনের আংশিক জমা	ক্রেডিট ইউনিয়নের শেয়ার ক্রয়ের জন্য জমাকৃত স্বল্প জমা বা ক্রেডিট ইউনিয়নের অনুমোদিত মূলধনের পরিমাণ পূর্ণ হয়ে গেছে কিন্তু শেয়ার মূলধন বৃদ্ধির অনুমোদন এখনও পাওয়া যায়নি এমন ক্ষেত্রে শেয়ার ক্রয়ের জন্য জমাকৃত অর্থ এই কাতে প্রদর্শিত হবে ।
৩৩২	প্রকল্প মঞ্জুরী : অব্যবহৃত	কোন প্রকল্প যেমন প্রশিক্ষণ বা বেতন-ভাতার জন্য প্রাপ্ত অনুদানের অব্যবহৃত অংশ ।
৩৩৩	মিউচুয়াল বেনেফিট ফান্ড	সদস্যদের কল্যাণে রক্ষিত তহবিল, যেমন লোন প্রটেকশন, চিকিৎসা ব্যয়, মৃত্যু ঝুঁকি প্রভৃতি ।
৩৩৪	প্রধান কার্যালয়/শাখা কার্যালয় যা সহযোগী সংস্থাকে প্রদেয়	প্রধান কার্যালয়/শাখা কার্যালয় বা সহযোগী সংস্থাকে প্রদেয় অর্থ ।

মালিকানা স্বত্ব/মালিকানা :

ক্রেডিট ইউনিয়নে সদস্যদের আগ্রহের মূল ভিত্তি ।

সদস্যগণের স্বত্ব/মালিকানা :

ক্রেডিট ইউনিয়নে সদস্যদের আগ্রহের মূল ভিত্তি ।

৩৬১	সাধারণ শেয়ার মূলধন পরিশোধিত	দীর্ঘ সময় পর পরিশোধযোগ্য সদস্যদের ক্রয়কৃত শেয়ার মূলধন ।
৩৬২	শেয়ার মূলধনের অপরিশোধিত অংশ	নিয়মিত সদস্যগণ কর্তৃক শেয়ার ক্রয়ের জন্য অবশিষ্ট আদায়যোগ্য অর্থ ।
৩৬৩	পরিশোধিত শেয়ার মূলধন	নিয়মিত সদস্য কর্তৃক ক্রয়কৃত শেয়ার মূলধন, যা সদস্যের সদস্য থাকাকালীন অবস্থায় উত্তোলন করা হবে না ।
৩৬৪	ক্রেডিট ইউনিয়নের ক্রয়কৃত নিজস্ব শেয়ার মূলধন	কোন সদস্যের শেয়ার বিক্রয়কালে কোন ক্রেতা না থাকলে তা ক্রেডিট ইউনিয়নের আয় থেকে ক্রয় করলে এই খাতে প্রদর্শিত হবে ।
৩৬৫	শেয়ার মূলধনের আংশিক জমা	শেয়ার ক্রয়ের জন্য ক্রেডিট ইউনিয়নের নিয়মিত বা সহযোগী সদস্যগণ কর্তৃক জমাকৃত অর্থ যা দীর্ঘ সময় পরে উত্তোলন/ফেরত দান সম্ভব ।

৩৬৬	শেয়ার মূলধনের বিপরীতে প্রাপ্য	পরিপূর্ণ শেয়ার ক্রয়ের জন্য নিয়মিত বা সহযোগী সদস্যগণের নিকট হ'তে আদায়যোগ্য সঞ্চয়।
৩৬৭	শেয়ার ক্রয়ের প্রত্যাশা পরিশোধিত	সদস্যদের প্রত্যাশিত শেয়ার ক্রয়ের জন্য জমাকৃত শেয়ারের পূর্ণ সঞ্চয় (নিয়মিত বা সহযোগী সদস্যদের)।
৩৬৮	অর্জিত ক্ষতি	পুঞ্জীভূত ক্ষতি যা হিসাব বছরান্তে সদস্যদের মধ্যে ভাগ করে দেয়া হবে।

দান/অনুদান :

৩৮১	দান/অনুদান	ক্রেডিট ইউনিয়নের প্রাপ্ত পুরস্কার, ভর্তুকি, দান/অনুদান ইত্যাদি এই খাতে দেখাতে হবে। কিন্তু এধরনের প্রাপ্ত অর্থ/সম্পদ লভ্যাংশ হিসেবে সদস্যদের বন্টন যোগ্য হবে না।
-----	------------	--

বাধ্যতামূলক তহবিল :

দেশের সমবায় আইন ও বিধিমালা মোতাবেক সংরক্ষণযোগ্য তহবিল সমূহ।

৩৯১	সংরক্ষিত তহবিল (কমপক্ষে ১৫%)	ক্রেডিট ইউনিয়নের স্থায়ীত্বের জন্য প্রতিবছর আয় থেকে এই তহবিল সংরক্ষিত হবে। যা মেয়াদী আমানত হিসেবে ব্যাংক বা সরকারী বণ্ডে গচ্ছিত রাখতে হবে। এই তহবিলে সংরক্ষিত অর্থ শেয়ার মূলধনের চেয়ে বেশি হলে তা ক্রেডিট ইউনিয়নের উপ-বিধি অনুযায়ী বিনিয়োগ করা যাবে।
৩৯২	শিক্ষা তহবিল (কমপক্ষে ৫%)	ক্রেডিট ইউনিয়নের বর্তমান বা ভবিষ্যত সদস্যদের শিক্ষা/প্রশিক্ষণের জন্য আয় হতে এই তহবিল সংরক্ষণ করতে হবে।
৩৯৩	অন্যান্য তহবিল	মোট আয়ের ১০% অধিক নয় এমন পরিমাণ অর্থ ক্রেডিট ইউনিয়নের ভবিষ্যতে জমি, দালান-কোঠা ক্রয়ের জন্য সংরক্ষণ করা হবে।

আর্থিক কার্যক্রমের প্রতিবেদন

রাজস্ব আয় :

সাধারণ বা প্রচলিত হিসাব নীতিমালায় স্বীকৃত সম্পদ-পরিসম্পদের সর্বসাকুল্যে বৃদ্ধি বা দায়-দেনার সর্বসাকুল্যে হ্রাস যার ফলে ক্রেডিট ইউনিয়ন আয় অর্জনের মাধ্যমে সদস্যগণের মালিকানা স্বত্বের মূল্যমানের পরিবর্ধন সাধন করে।

৪০১	ঋণের সুদ	সদস্যদের প্রদত্ত ঋণের সুদ
৪০৫	সেবামূল্য	বিভিন্ন ফি যা সদস্যদের ঋণ আবেদন পর্যালোচনা/সেবাদানের জন্য আদায় করা হয়।
৪০৬	ঋণ আবেদন ফি	ঋণ আবেদন পত্র জমা কালে নির্ধারিত ফি আদায়।
৪০৭	জরিমানা/সার চার্জ	খেলাপী ঋণের জন্য জরিমানা ধার্যকৃত সার চার্জ।
৪০৮	সদস্য ভর্তি ফি	সদস্যদের ভর্তিকালে আদায়কৃত ফি।

৪০৯	অন্যান্য বিনিয়োগের মুনাফা	ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানে বিনিয়োগ বা জমার জন্য প্রাপ্ত মুনাফা। এই মুনাফায় বাধ্যতামূলক তহবিল সমূহের আয় সংযোজিত হবে।
৪১০	অন্যান্য আয়	যে সকল আয় উপরের খাত সমূহে দেখানো যায়না, সে সকল আয় এই খাতে দেখাতে হবে।

ব্যয় সমূহ :

ক্রেডিট ইউনিয়নের কার্যক্রম পরিচালনার মাধ্যমে আয় অর্জনের জন্য সাধারণ হিসাব বিজ্ঞান নীতিমালায় পরিমিত ও স্বীকৃত ব্যয় সমূহ, যা ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ হ্রাস এবং দায়-দেনা বৃদ্ধি করে সদস্যদের মালিকানা স্বত্বের মূল্যমানের পরিবর্তন ঘটায়।

আর্থিক ব্যয় :

৫০০	সঞ্চয়ের সুদ	নিয়মিত বা সহযোগী সদস্যগণের সঞ্চয় আমানত বা মেয়াদী আমানতের জন্য প্রদেয় সুদ।
৫০২	গৃহীত ঋণের সুদ	ভিন্ন উৎস হ'তে গৃহীত ঋণের সুদ।
৫০৩	গৃহীত ঋণের অন্যান্য ব্যয়	ভিন্ন উৎস হতে প্রাপ্ত/গৃহীত ঋণের জন্য আবেদন, সার্ভিস চার্জ বা অন্যান্য ব্যয়।

প্রশাসনিক ব্যয় :

৫১৬	কর্মচারী বেতন-ভাতা	কর্মচারীদের নিয়মিত কাজের জন্য বা অতিরিক্ত কাজের জন্য প্রদত্ত ব্যয়।
৫১৭	কর্মীদের অন্যান্য ব্যয় : গ্র্যাচুইটি	বেতন-ভাতার অতিরিক্ত কর্মীদের জন্য অন্যান্য সুবিধা সমূহের ব্যয়।
৫১৮	কর্মী প্রভিডেন্ট ফান্ড	ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে প্রদত্ত কর্মীদের প্রভিডেন্ট ফান্ড-এর অংশ।
৫১৯	কর্মী অবসর ভাতা	কর্মীদের অবসরকালে পরিশোধ যোগ্য অর্থ যা কর্মীর কর্মকালেই সংরক্ষণ করা হয়।
৫৩৮	কর্মকর্তাদের সম্মানী	ক্রেডিট ইউনিয়নের বোর্ড, কমিটি সদস্যদের নির্দিষ্ট দায়িত্ব পালনের জন্য প্রদেয় সম্মানী খরচ।
৫৩৯	শিক্ষা/প্রশিক্ষণ ব্যয়	বোর্ড বা কমিটি সদস্য, কর্মী এবং সদস্যদের শিক্ষা প্রশিক্ষণের জন্য সকল ব্যয়।
৫৪০	অফিস সরবরাহ	ক্রেডিট ইউনিয়ন পরিচালনায় ব্যবহৃত সকল মুদ্রণ সামগ্রী ও কাগজপত্র।
৫৫১	বিদ্যুত ও পানি	ক্রেডিট ইউনিয়নের পরিচালনার জন্য বৈদ্যুতিক, পানি ও জ্বালানি ব্যয়।
৫৫২	যাতায়াত	ক্রেডিট ইউনিয়ন পরিচালনার জন্য কর্মকর্তা/কর্মীদের যাতায়াত ভাড়া, ভাড়া কৃত যানবাহনের জ্বালানি, টোল, থাকা-খাওয়া, মহার্ঘভাতা ইত্যাদি।
৫৫৩	ইস্যুরেন্স	ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদের নিরাপত্তার জন্য প্রদত্ত ইস্যুরেন্স প্রিমিয়াম।
৫৫৪	মেরামত ও রক্ষণাবেক্ষণ	সম্পদের স্থায়িত্ব বর্ধন করবে এমন ছাড়া যে কোন মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়।
৫৫৫	অফিস ভাড়া	ক্রেডিট ইউনিয়নের মূল কার্য সম্পাদনের জন্য ভাড়ায় গৃহীত অফিস/গুদাম ভাড়া।
৫৫৬	ট্যাক্স ও লাইসেন্স ফি	ট্যাক্স পরিশোধ বা লাইসেন্স-এর জন্য ব্যয়।

৫৫৭	পেশাদারী ফি	ক্রেডিট ইউনিয়নের জন্য প্রদত্ত বিভিন্ন পেশাদারী সেবার ফি।
৫৫৮	যোগাযোগ ব্যয়	কুরিয়ার, পোস্টাল, টেলিফোন, ই-মেইল, ফ্যাক্স, ইন্টারনেট ও সংবাদ আদান-প্রদান ব্যয়।
৫৫৯	প্রতিনিধিত্ব গ্রহণ	ক্রেডিট ইউনিয়নে আগত পরিদর্শক, অতিথিগণের জন্য ব্যয়।
৫৬০	সাধারণ সভার খরচ	নিয়মিত বা বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানের সমুদয় খরচ।
৫৬১	সভা/সমাবেশ	বোর্ড বা কমিটি সদস্যগণের বা কর্মীদের বিভিন্ন সভার ব্যয়।
৫৬২	ব্যাংক চার্জ	ব্যাংকের বিভিন্ন ফি ও খরচ সমূহ।
৫৬৩	আদায় খরচ	বিভিন্ন ধরনের কমিশন, আদায়ে উৎসাহ দানের ব্যয় সমূহ।
৫৬৪	আইন খরচ	মামলা মোকদ্দমার জন্য ব্যয়।
৫৬৫	স্বীকৃতিপত্রের ব্যয়	কোন ফেডারেশনের সদস্যদের আবেদন ফি, বার্ষিক ডিউস বা নিবন্ধন ব্যয়।
৫৬৬	সমাজকল্যাণ ব্যয়	সমাজ ভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ বা কল্যাণ খাতে ব্যয়।
৫৬৭	সম্প্রসারণ ব্যয়	সম্প্রসারণের জন্য বিজ্ঞাপন ব্যয়।
৫৬৮	প্রচার ও প্রকাশনা	ক্রেডিট ইউনিয়নের সাময়িকী বা অন্য যে কোন প্রকাশনা ব্যয়।
৫৬৯	সাধারণ সেবা সমূহ	নিরাপত্তা প্রহরী, ক্লিনার বা বার্তাবাহক নিয়োগ সংক্রান্ত ব্যয়।
৫৭০	সদস্য কল্যাণ ব্যয়	সদস্যদের কল্যাণে বিভিন্ন ব্যয়।
৫৭৫	বিবিধ ব্যয়	উপরে বর্ণিত ব্যয় সমূহে নির্দিষ্ট করা যায়না, ক্রেডিট ইউনিয়নের এমন ব্যয়।
৫৭৬	অবচয় বা বিভিন্ন সমন্বিত সঞ্চিতি	বিভিন্ন সম্পদ-পরিসম্পদ, যন্ত্রপাতির অবচয় বা অস্থাবর সম্পদ-পরিসম্পদের সমন্বিত সঞ্চিতি ব্যয়।
৫৭৭	চুক্তি ভিত্তিক সম্পদের বা তার উন্নয়নের সমন্বিত সঞ্চিতি	চুক্তিভিত্তিক সম্পদের জন্য সমন্বিত সঞ্চিতি ব্যয়।
৫৭৮	ঋণের সম্ভাব্য ক্ষতি সঞ্চিতি	অনাদায়ী বা খেলাপী ঋণের ক্ষতি সঞ্চিতি ব্যয়।
৫৯০	প্রকল্প ভর্তুকি	গৃহীত প্রকল্পের জন্য প্রদেয় ভর্তুকি ব্যয়।
৫৯১	ভর্তুকি প্রাপ্ত প্রকল্প ব্যয়	ক্রেডিট ইউনিয়নের প্রশিক্ষণ, বেতন-ভাতা বা অন্যান্য বিষয়ে প্রাপ্ত ভর্তুকি।
৫৯২	বিভিন্ন সম্পদ ও যন্ত্রপাতি বিক্রয়ের লাভ/লোকসান।	বিভিন্ন বিনিয়োগের স্থায়ী মূল্য হ্রাস, বিক্রয়ের ফলে অর্জিত লাভ বা লোকসান।

ক্রেডিট ইউনিয়নের আর্থিক স্থায়িত্ব নিশ্চিত করণের পর্যবেক্ষণ ও মূল্যায়নের বিশ্ব স্বীকৃত সূত্র (Fomula) -
PEARLS

PEARLS – কি?

- ➔ ক্রেডিট ইউনিয়নের আর্থিক অবস্থার মান-সম্মত মানদণ্ডের অনুপাত বা নির্দেশিকার সূত্র (Fomula)।
- ➔ ক্রেডিট ইউনিয়নের আর্থিক অবস্থান পর্যবেক্ষণ ও মূল্যায়নের হাতিয়ার, যার মাধ্যমে :-
 - অন্যান্য ক্রেডিট ইউনিয়নের সাথে সংশ্লিষ্ট ক্রেডিট ইউনিয়নের অবস্থার মান নির্ণয়/তুলনা করা যায়।
 - অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান পরিচালনার সঙ্গে তুলনা সম্ভব হয়।
 - ক্রেডিট ইউনিয়নের প্রকৃত অবস্থান বিশ্লেষণ করা যায়।

PEARLS – কি?

- ➔ ক্রেডিট ইউনিয়ন পরিচালনা ও ব্যবস্থাপনার একটি হাতিয়ার।
 - ব্যবস্থাপনাকে সমস্যার গভীর আবর্তে পতিত হবার পূর্বেই সতর্ক করে।
 - সমস্যা জর্জরিত বিষয় ও ক্ষেত্র সমূহ চিহ্নিত করতে সহায়তা করে।

PEARLS – কি নয়?

- ➔ ক্রেডিট ইউনিয়নের নীতিমালা পর্যবেক্ষণ করে না।
- ➔ ক্রেডিট ইউনিয়নের সেবার ক্ষেত্র পর্যবেক্ষণ করে না।
- ➔ ক্রেডিট ইউনিয়নের সমস্যার প্রেক্ষিতে সম্ভাব্য সমাধানের প্রক্রিয়া মাত্র।
- ➔ সমস্যার সহজ উত্তর।

PEARLS – ব্যবহারের মাধ্যমে ক্রেডিট ইউনিয়ন পরিচালনা, তদারকি ও পর্যবেক্ষণ করা হয়।

PEARLS (পার্লস)

P = Protection = প্রতিরোধ মূলক ব্যবস্থা

E = Effective Financial Structure = কার্যকর আর্থিক কাঠামো

A = Asset Quality = সম্পদের গুণগত মান

R = Rate of Return & Cost = কার্যক্রমের মূল্য ও আয়ের হার

L = Liquidity = নগদ অর্থের তারল্য

S = Sign of Growth = অগ্রগতির চিহ্ন

PEARLS (পার্লস)

PEARLS (পার্লস) সূত্র দ্বারা ক্রেডিট ইউনিয়নের আয়-ব্যয় এবং স্থিতি-পত্র বিশ্লেষণ করা যায়:

- PEAL এবং S দ্বারা স্থিতি-পত্র এবং স্থিতি-পত্রের বহির্ভূত আর্থিক বিষয় বিশ্লেষণ ও মূল্যায়ন করা যায়; এবং

- R এর মাধ্যমে আয়ের অবস্থা নির্ণয় করা যায়।

পার্লস (PEARLS) পদ্ধতিতে ক্রেডিট ইউনিয়নের
মানদণ্ডের সূচক নির্ধারণের নির্দেশনা

ক্ষেত্র	পার্লস অনুপাত	আদর্শমান	২০০১	২০০২	২০০৩
P= Protection প্রতিরোধ ব্যবস্থা	P-1* ঋণের ক্ষতি সঞ্চিতি ÷ ১২ মাসের অধিক সময়ের মোট খেলাপী ঋণ	১০০%			
	P-2* ঋণের ক্ষতি সঞ্চিতি ÷ ১ থেকে ১২ মাসের ঋণ খেলাপীর পরিমাণ	৩৫%			
E= Effective Financial Structure কার্যকর আর্থিক কাঠামো	E-1* পাওনা ঋণ ব্যালেন্স ÷ মোট সম্পত্তি	৭০-৭৫%			
	E-2* সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ ÷ মোট সম্পত্তি	সর্বোচ্চ ২০%			
	E-3* অন্যান্য বিনিয়োগ(প্রকল্প) ÷ মোট সম্পত্তি	০%			
	E-4* নগদ অর্থ বিনিয়োগ(ব্যতক) ÷ মোট সম্পত্তি	সর্বাধিক ২০%			
	E-5* সঞ্চয় আমানত ÷ মোট সম্পত্তি	৭০ থেকে ৮০%			
	E-6* ভিন্ন প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ ÷ মোট সম্পত্তি	০%			
	E-7* শেয়ার মূলধন ÷ মোট সম্পত্তি	১০-২০%			
	E-8* প্রাতিষ্ঠানিক মূলধন ÷ মোট সম্পত্তি	কমপক্ষে ১০%			
A= Assets Quality সম্পদের গুণগত মান	A-1* মোট ঋণ খেলাপী ÷ মোট পাওনা ঋণ	অনধিক ৫%			
	A-2* অকার্যকর সম্পদ ÷ মোট সম্পত্তি	০%			
	A-3* ঋণ সমন্বয়ের পরিমাণ ÷ গড় ঋণ	০%			
	A-4* সমন্বয়কৃত ঋণ আদায় ÷ মোট ঋণ	১০০%			

	A-5* আয় বিহীন সম্পত্তি ÷ মোট সম্পত্তি	অনধিক ৫%			
	A-6* প্রাতিষ্ঠানিক মূলধন + শূন্য ব্যয়ের দায় ÷ আয় বিহীন সম্পত্তি	১০০% বা অধিক			
R=Rates of Return of Costs ব্যয়ের বিপরীতে অর্জিত আয়ের হার	R-1* ঋণের আয় ÷ গড় ঋণ ব্যালেন্স	সকল ব্যয় এবং প্রয়োজন পূরণ করে এমন হার হতে হবে			
	R-2* তরল অর্থ বিনিয়োগ হতে আয় ÷ গড় তরল অর্থ বিনিয়োগ	আশংকাজনক বার্ষিক ছাড়া যত উচ্চ হারে আয় অর্জন করা যায়			
	R-3* বন্ড, সঞ্চয় আমানতের আয় ÷ গড় সঞ্চয় আমানতের পরিমাণ	জ-২ এর অধিক হতে হবে			
	R-4* অন্যান্য বিনিয়োগ হতে আয় ÷ অন্যান্য বিনিয়োগের গড় পরিমাণ	জ-২ এর অধিক হতে হবে			
	R-5* সঞ্চয় আমানতের সুদ ব্যয় ÷ সঞ্চয় আমানতের গড় পরিমাণ	আমানতের নাম মূল্য এবং প্রতিযোগিতামূলক হার হতে হবে			
	R-6* শেয়ারে প্রদত্ত মোট লভ্যাংশ ÷ গড় শেয়ার ব্যালেন্স	শেয়ারের নাম মূল্য রক্ষা করে এবং প্রতিযোগিতামূলক হার হতে হবে			
	R-7* মোট আয়ের মার্জিন ÷ মোট গড় সম্পত্তি	সমুদয় ব্যয় পূরণ এবং ঋণের ক্ষতি সঞ্চিতি ও অন্যান্য সঞ্চিতি সংরক্ষণের জন্যে পর্যাপ্ত			
	R-8* মোট পরিচালনা (ওভারহেড) ব্যয় ÷ মোট গড়	৩-৫%			
	R-9* মোট ঋণ সঞ্চিতি ব্যয় ÷ মোট গড় সম্পত্তি	১২ মাসের অধিক খেলাপীর ১০০% এবং ১২ মাসের কম খেলাপীর ৩৫% সঞ্চিতি			
	R-10* প্রকৃত আয় ÷ মোট গড় সম্পত্তি	E-৪ লক্ষ্য অর্জনের জন্যে যেন পর্যাপ্ত হয়			
L= Liquidity তারল্য	L-1* মোট নগদ অর্থ বিনিয়োগ - ৩০ দিনের মধ্যে অর্থ পরিশোধের সম্ভাব্য পরিমাণ ÷ মোট সঞ্চয় আমানত	কমপক্ষে ১০%			
	L-2* বিধিবদ্ধ তারল্য সঞ্চিতি ÷ মোট সঞ্চয় আমানত	১০%			

	L-3* হাতে নগদ+সুদ বিহীন বা চলতি হিসাবে জমা÷ মোট সম্পত্তি	০% বা যত কম রাখা যায়			
S- Signs of Growth ক্রমোন্নতির প্রতীক চিহ্ন	S-1* মোট সম্পত্তির ক্রমোন্নতি (চলতি বছর শেষে মোট সম্পত্তি বাদ বিগত বছরের মোট সম্পত্তি ÷ বিগত বছরের মোট সম্পত্তি)	কমপক্ষে ১০%			
	S-2* মোট পাওনা ঋণের ক্রমোন্নতি (চলতি বছর শেষে মোট পাওনা ঋণ বাদ বিগত বছরের মোট পাওনা ঋণ ÷ বিগত বছরের মোট পাওনা ঋণ)	১০% অধিক			
	S-3* সঞ্চয় আমানতের ক্রমোন্নতি (চলতি বছর শেষে মোট সঞ্চয় আমানত বাদ বিগত বছরের মোট সঞ্চয় আমানত ÷ বিগত বছরের মোট সঞ্চয় আমানত)	১০% অধিক			
	S-4* শেয়ার মূলধনের ক্রমোন্নতি (চলতি বছর শেষে শেয়ার ব্যালেন্স বাদ বিগত বছরের শেয়ার ব্যালেন্স ÷ বিগত বছরের শেয়ার ব্যালেন্স)	১০% অধিক			
	S-5* প্রাতিষ্ঠানিক মূলধনের ক্রমোন্নতি (চলতি বছর শেষে প্রাতিষ্ঠানিক মূলধন ব্যালেন্স বাদ বিগত বছরের প্রাতিষ্ঠানিক মূলধন ব্যালেন্স ÷ বিগত বছরের প্রাতিষ্ঠানিক মূলধন ব্যালেন্স)	১০% বা এর অধিক			
	S-6* সদস্যপদের ক্রমোন্নতি (চলতি বছরের সদস্য সংখ্যা বাদ বিগত বছরের সদস্য সংখ্যা ÷ বিগত বছরের সদস্য সংখ্যা)	কমপক্ষে ১০%			

**পার্লস (PEARLS) পদ্ধতিতে ক্রেডিট ইউনিয়নের মানদণ্ড বিশ্লেষণের
অন্যতম অনুপাতসমূহ**

ক্ষেত্র	মানদণ্ড বিশ্লেষণের সূত্র	আদর্শমান	সূত্র অনুযায়ী নিজ সমিতির সংশ্লিষ্ট তথ্য সমূহ অংকে লিখুন
---------	--------------------------	----------	--

P-Protection প্রতিরোধমূলক ব্যবস্থা	P-1	$\frac{\text{ঋণ ক্ষতি সঞ্চিতি চ ১০০}}{\text{১২ মাসের অধিক ঋণ খেলাপীর পরিমাণ}}$	১০০%	
	P-2	$\frac{\text{ঋণ ক্ষতি সঞ্চিতি চ ১০০}}{\text{১২ মাসের কম সময়ের ঋণ খেলাপীর পরিমাণ}}$	৩৫%	
E – Effective Financial Structure কার্যকর আর্থিক কাঠামো	E-1	$\frac{\text{পাওনা ঋণ ব্যালেন্স চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$	৭০-৭৫%	
	E-5	$\frac{\text{সদস্য/ অসদস্যদের সঞ্চয় আমানত চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$	৭০-৮০ %	
	E-6	$\frac{\text{বাহিরের ঋণ চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$	০ %	
	E-7	$\frac{\text{শেয়ার মূলধন চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$	১০-২০%	
	E-8	$\frac{\text{প্রাতিষ্ঠানিক মূলধন চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$	কমপক্ষে ১০%	
A- Asset Quality সম্পদের গুণগতমান	A-1	$\frac{\text{মোট ঋণ খেলাপী চ ১০০}}{\text{মোট ঋণ পাওনা}}$	অনধিক ৫%	
	A-5	$\frac{\text{আয় বিহীন সম্পত্তি চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$ (আয় বিহীন সম্পত্তি বলতে হাতে নগদ, চলতি হিসাবে জমা, স্থায়ী সম্পত্তি, অগ্রিম পরিশোধিত ব্যয়, প্রাপ্য হিসাব, মজুত অফিস সাপ্লাই)	অনধিক ৫%	
	A-6	$\frac{\text{(প্রাতিষ্ঠানিক মূলধন + শূন্য ব্যয়ের দায়) চ ১০০}}{\text{আয় বিহীন সম্পত্তি}}$	১০০ % এর অধিক বা সমপরিমাণ	

R = Rates of Return ব্যয়ের বিপরীতে অর্জিত আয়ের হার	R-6	$\frac{\text{সুদ অথবা লভ্যাংশ পরিশোধ চ ১০০}}{\text{গড় শেয়ার সঞ্চয় আমানত}}$	মুদ্রাস্ফিতির সমাপরিমাণ	
	R-7	$\frac{\text{মোট আয়ের মার্জিন চ ১০০}}{\text{মোট গড় সম্পত্তি}}$ <p>(মোট আয়ের মার্জিন বলতে ঋণ ও বিনিয়োগের মোট আয় থেকে সঞ্চয়ের বা তহবিলের সুদ বাদ দিতে হবে।)</p>	বাজার দর	
	R-8	$\frac{\text{মোট পরিচালন ব্যয় চ ১০০}}{\text{মোট গড় সম্পত্তি*}}$	৩-৫%	
	R-10	$\frac{\text{প্রকৃত আয় চ ১০০}}{\text{মোট গড় সম্পত্তি}}$ <p>(গড় সম্পত্তি = চলতি বছরের সম্পত্তির পরিমাণ + বিগত বছরের সম্পত্তি % ২)</p>	পর্যাপ্ত তহবিল সংরক্ষণ করা যায় যেন এমন পরিমাণ	
L = Liquidity তারল্য	L-1	$\frac{\text{মোট তরল অর্থ বিনিয়োগ- চাহিবামাত্র ফেরত দেয়া আমানতের পরিমাণ চ ১০০}}{\text{মোট সঞ্চয় আমানতের পরিমাণ}}$	কমপক্ষে ১০%	
	L-3	$\frac{\text{হাতে নগদ + চলতি হিসাবে জমা চ ১০০}}{\text{মোট সম্পত্তি}}$	যত কম রাখা যায়	
S = Sign of Growth ক্রমোন্নতির প্রতীক চিহ্ন	S-1	$\frac{\text{চলতি বছরের মোট সম্পত্তি - বিগত বছরের মোট সম্পত্তি চ ১০০}}{\text{বিগত বছরের মোট সম্পত্তি}}$	কমপক্ষে ১০%	
	S-7	$\frac{\text{চলতি বছরের মোট সদস্য - বিগত বছরের মোট সদস্য X ১০০}}{\text{বিগত বছরের মোট সদস্য সংখ্যা}}$	কম পক্ষে ১০% প্রতিবছর হতে হবে	

ক্রেডিট ইউনিয়নের নাম :

ঠিকানা :

ঋণ আদায় ও ঋণ খেলাপী সংক্রান্ত নীতিমালা

প্রয়োজনীয়তা :

ঋণ আদায় ও ঋণ খেলাপী সংক্রান্ত এই নীতিমালা ক্রেডিট ইউনিয়নের ঋণ বিনিয়োগ এবং ঋণ আদায়ে মান সম্মত অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত।

উদ্দেশ্য :

ঋণ আদায় ও খেলাপী ঋণ নীতিমালার মৌলিক উদ্দেশ্য নিক্রম :

- ঋণ আদায়ে সংশ্লিষ্ট কর্মীগণের যে কোন পরিস্থিতি/পরিবেশে অনুসরণীয় “সুস্পষ্ট দিক নির্দেশনা দান”।
- ঋণ আদায় কৌশলে ব্যক্তিভেদে পার্থক্য সৃষ্টি না করা।
- প্রতিটি পদক্ষেপ সদস্য ও ক্রেডিট ইউনিয়নের স্বার্থেই গৃহীত হয়েছে এমন ধারণা তৈরী করা, কারণ যাদেরকে ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে অভিযুক্ত করা হয়, তারা যেন সে অবস্থার উত্তরণ ঘটাতে পারে।
- ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে নানাবিধ প্রচেষ্টার মাধ্যমে সদস্যকে সহায়তা করা সত্ত্বেও সদস্য যদি তাতে সাড়া না দেয়, সেক্ষেত্রে আদায় কার্যক্রম যেন তৎক্ষণাৎ জোরালো এবং আইন অনুযায়ী বিহিত করা যায়।
- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণ আদায়ে যেন সতর্ক থাকেন যে ঋণ আদায় শুধুমাত্র ক্রেডিট ইউনিয়নের নিরাপদ ও গতিশীলতাই নিশ্চিত করবে না বরং সকল সদস্য ভাল অবস্থাতে উন্নীত হবে সে বিষয় নিশ্চিত করে।

১। আদায়ের দায়িত্ব :

১.১.১। ঋণ অথবা আদায় বিভাগ সকল ধরনের আদায় কার্যক্রমকে কেন্দ্রীভূত করবে। এজন্য নিম্নলিখিত প্রক্রিয়ায় কার্য সম্পাদন করবে ;

(ক) আদায়কারীগণের নিকট কাজের পরিমাণ হিসেব করে এলাকা ভিত্তিক বা সদস্য সংখ্যার ভিত্তিতে খেলাপী ঋণ আদায়ের দায়িত্ব প্রদান করতে হবে।

(খ) ঋণ বিভাগের ম্যানেজার, তার অধীনস্থ কর্মীদের সাথে ব্যক্তিগত পর্যায়ে, এককভাবে তার কর্ম মূল্যায়ন, কর্ম দক্ষতা ও সম্পাদিত কাজের মূল্যায়ন ও পর্যালোচনা করবেন। ফলে ঋণ আদায়, ঋণ নীতিমালা এবং ঋণদান পদ্ধতি বিষয়ে তার অধীনস্থ কর্মীগণের সঙ্গে তার বিস্তারিত আলোচনা সম্ভব হবে। প্রয়োজনে তিনি আদায় কাজে নিয়োজিত কর্মীদের প্রশিক্ষণ ও পরামর্শ দেবেন। একই সাথে তিনি তার অধীনস্থ কর্মীর সুস্পষ্ট কর্ম মূল্যায়ন বিষয়ে সুনির্দিষ্ট ধারণা ও সিদ্ধান্ত গ্রহণে সমর্থ হবেন।

(গ) নীতিমালার সামঞ্জস্য বিধান করা।

১.২। ঋণ বিভাগের কর্মীগণের নিজ নিজ দায়িত্ব হবে নিম্নরূপ :

(ক) এই নীতিমালায় বর্ণিত বিধিমালা, পদ্ধতি ও প্রক্রিয়া যথাযথভাবে ঋণ বিভাগ অনুসরণ করছে কিনা, ভ্যানেজারেল ম্যানেজার তদারক করবেন। তাছাড়া তিনি সময় সময় এই নীতিমালা পুনঃ নির্ধারণ, সমন্বয়পযোগীকরণ, কিংবা সংশোধন সুপারিশ প্রস্তুত; ঋণ বিভাগের চাহিদানুযায়ী সকল তথ্য ও প্রতিবেদন সরবরাহ করছে কিনা সে বিষয়েও লক্ষ্য রাখবেন।

(খ) দৈনিক আদায় পরিস্থিতি বিষয়ে ঋণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তদারক করার দায়িত্ব পালন করবেন। তাছাড়া সকল কর্মী নিয়ম, পদ্ধতি, প্রক্রিয়া এবং আচরণ বিধি যা এই নীতিমালায় উল্লেখ করা হয়েছে, তা অনুসরণ/পরিপালন করছে কিনা তিনি তা তদারক ও নিশ্চিত করবেন।

(গ) প্রয়োজন অনুসারে যে কোন তথ্য ও প্রতিবেদন ঋণ বিভাগ সরবরাহ করছে কিনা এই বিষয়ে ভ্যানেজারেল ম্যানেজার নিশ্চিত করবেন। তাছাড়া ঋণ বিভাগ ও আদায় কাজে নিযুক্ত কর্মীগণের দায়িত্ব-কর্তব্য পুনর্বিন্টন ঋণ বিভাগের ম্যানেজার সম্পন্ন করবেন।

(ঘ) এই নীতিমালা অনুযায়ী ঋণ আদায় পদ্ধতি ও প্রক্রিয়া অনুসরণে মাঠ পর্যায়ের কর্মীগণ বাধ্য থাকবেন। ঋণ বিভাগের ম্যানেজারের নিকট তাদের প্রতিবেদন পেশ করবেন। এই নীতিমালার সকল বিধি বিধান নিয়ম পদ্ধতি সম্বন্ধে আদায়কারীগণের স্বচ্ছ ধারণা থাকতে হবে। নিয়মকানুন, নীতিমালার আচরণ বিধি এবং ক্রেডিট ইউনিয়ন সংক্রান্ত সকল নীতি পদ্ধতি সম্বন্ধে তাদের পরিষ্কার ধারণা ও যথেষ্ট জ্ঞান অর্জন করতে হবে।

১.৩। প্রশিক্ষণ :

আদায় কাজে নিয়োজিত কর্মীগণকে অভ্যন্তরীণ ও বাইরের প্রতিষ্ঠান থেকে অত্র নীতিমালার সাথে সংগতিপূর্ণ, প্রায়োগিক আইন এবং বিধি, আদায় কৌশল সম্পর্কে কার্যকর ধারণা, যা সময় সময় পরিবর্তিত বা সংশোধিত হবে সে সংক্রান্ত বিষয়ে নিবিড় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। ঋণ বিভাগের ম্যানেজার তার অধীনস্থ কর্মীগণ এই বিষয়ে যেন যথেষ্ট অভিজ্ঞতা রাখে বা এই জন্যে আরও অধিক প্রশিক্ষণ প্রয়োজন হলে সে বিষয়ে সুপারিশ প্রদান করবেন।

২। আচরণ বিধি :

- ২.১। ঋণ আদায় ও খেলাপী ঋণ সংক্রান্ত দেশের প্রচলিত সকল প্রযোজ্য আইন মান্য করা।
- ২.২। অবহেলা বা প্রতারণামূলক আদায় প্রক্রিয়া অবলম্বন মোটেই গ্রাহ্য করা হবে না।
- ২.৩। হয়রানি এবং দুর্ব্যবহার করে আদায় কৌশল গ্রহণীয় হবে না এবং এই ধরনের কোন আচরণ প্রমাণিত হলে আদায়কারীকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হবে।
- ২.৪। সকল সদস্যকে অবশ্যই সম্মানের সাথে দেখতে হবে এবং সকল পরিস্থিতিতেই তাদেরকে ভালভাবে, সম্মানের সাথে বুঝাতে হবে যে তাদের সময় দেয়ার জন্যে ক্রেডিট ইউনিয়ন এবং আদায়কর্মী কৃতার্থ।
- ২.৫। ক্রেডিট ইউনিয়ন সদস্য কিংবা সাধারণের সাথে যখনই সাক্ষাৎ বা আলোচনা হবে তখন প্রত্যেক কর্মীর পেশাদারী ও ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হতে হবে। সহযোগিতা ও সমঝোতা থাকবে, তবে ঋণ আদায়ের ক্ষেত্রে ব্যবসায়িক মনোভাব পোষণে দৃঢ় হতে হবে। ক্রেডিট ইউনিয়নের নির্দিষ্ট করা আদায় রসিদ ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ২.৬। প্রত্যেক কর্মী এই নীতিমালা ও পদ্ধতি সম্বন্ধে ধারণা ও জ্ঞান রাখেন, এতদ্বিষয়ে প্রত্যেকের লিখিত স্বীকারোক্তি দিতে হবে। এই নীতিমালা পরিপালনে কেউ অস্বীকার, অবহেলা করলে তাকে তৎক্ষণাত্ চাকুরী হতে অব্যাহতি দেয়া হবে।

৩। খেলাপী ঋণ আদায়ে বিভিন্ন পদক্ষেপের সময় তালিকা :

খেলাপীর সময়কাল	ব্যবস্থা গ্রহণ	অনুসরণীয় পদক্ষেপ
১-৭ দিন	গ্রেস পিরিয়ড	প্রয়োজন নেই
৭ দিন পর	‘দৃষ্টি আকর্ষণ’ নোটিশ পাঠাতে হবে	ঋণ বিভাগ ঋণ খেলাপী সদস্যকে এই নোটিশ ইস্যু করবে এবং অফিসে একটি কপি সংরক্ষণ করবে।
১৫ দিন পর	‘‘আপনি ভুলে গেছেন কি?’’ দ্বিতীয় নোটিশ দিতে হবে। ঋণ খেলাপী হওয়ার ১৫ দিনের মধ্যে যদি বকেয়া কিস্তি পরিশোধ না করে তাহলে এই নোটিশ দিতে হবে।	ঋণ হিসাব যেন খেলাপী হয়ে না যায় এই জন্যে ঋণ গ্রহীতাকে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে ঋণ বিভাগ দ্বিতীয় নোটিশটি প্রেরণ করবে। বিলম্বিত পরিশোধের জন্যে জরিমানা ধার্য হবে এবং পরবর্তী সময়ে কিভাবে অর্থ আদায় করা হবে সে সম্বন্ধে তাদেরকে সতর্ক করতে হবে।
৩০ দিন	খেলাপী ঋণটি খেলাপী তালিকাভুক্ত করতে হবে।	ঋণ বিভাগ ঐ সদস্যের কাছে প্রাপ্য ঋণের সমুদয় অংশ ১-১২ মাসের খেলাপী ঋণের অধীন ঋণ খেলাপী তালিকাভুক্ত করবে। মাঠকর্মী ঋণ আদায় প্রচেষ্টা অব্যাহত রাখবেন। সদস্যের সাথে সরাসরি ঋণ আদায়ের তাগাদা প্রদান অব্যাহত রাখতে হবে।
৩০ দিন	ঋণ খেলাপী সদস্যক ‘আপনার বকেয়া ঋণ ও সুদ পরিশোধ করা হবে কি?’ তৃতীয় নোটিশটি পাঠাতে হবে। এই নোটিশের একটি কপি জামিনদারের নিকট প্রেরণ এবং এক কপি কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।	সদস্যকে অত্র নোটিশ ইস্যু করার দিন হতে পরবর্তী ২০ দিনের মধ্যে বকেয়া ঋণ কিস্তি, সুদ ও জরিমানা পরিশোধ করার সময় দিয়ে ঋণ বিভাগ এই নোটিশটি ঋণ খেলাপী সদস্য এবং জামিনদারগণের নিকট প্রেরণ করবে। যতক্ষণ পর্যন্ত বকেয়া ঋণ আদায় না হবে মাঠকর্মীকে প্রতিদিন যেতে হবে।
৩০ দিন পর	ঋণ বিভাগ এই নীতিমালার আলোকে প্রবল চাপ সৃষ্টি, জামিনদারকে চাপ প্রয়োগ, বন্ধক সম্পত্তি দখলে নেয়া এবং ঋণ আদায়ে অন্যান্য কৌশল অবলম্বন করবে।	কি ধরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে, ঋণ ব্যবস্থাপক, মাঠকর্মী এই নীতিমালার আলোকে সিদ্ধান্ত নিবেন।

খেলাপীর সময়কাল	ব্যবস্থা গ্রহণ	অনুসরণীয় পদক্ষেপ
৪৫ দিন পর	<p>ঋণ বিভাগ “এই নোটিশ আপনার সর্বশেষ সুযোগ” উল্লেখ করতঃ চূড়াল্ড নোটিশ প্রেরণ করবে।</p>	<p>কি কারণে কিন্ডি় দিচ্ছে না তা নির্ধারণের উদ্দেশ্যে আদায়কারী, ঋণ বিভাগের ব্যবস্থাপক, ক্রেডিট কমিটির সদস্যবৃন্দ জামিনদারদের উপস্থিতিতে ঋণগ্রহীতার সঙ্গে আলোচনা সভায় মিলিত হবেন। এই সভায় ঋণ ব্যবস্থাপক অবশ্যই সমাধানে পৌঁছাবেন যেন সদস্য পুনঃনির্ধারিত পরিকল্পনায় ঋণ পরিশোধে সম্মত হয় এবং ক্রেডিট ইউনিয়নের স্বার্থ সংরক্ষিত হয়।</p>
৬০-৯০ দিন	<p>- ২ বা ততোধিক মাসের খেলাপী ঋণের বিষয়ে মাসিক বোর্ড সভায় প্রতিবেদন পেশ করতে হবে।</p> <p>- কোন সদস্য কিন্ডি় পরিশোধে লিখিতভাবে নতুন চুক্তি সম্পাদন করতে আবেদন করলে তা করা যেতে পারে। সদস্য ও সমিতির মধ্যে একটি পুনঃআনুষ্ঠানিক সমাধান ও ব্যবস্থাপত্র বিষয়ে সম্মত ও লিখিত চুক্তিনামা সম্পাদিত হতে হবে।</p> <p>কোন সদস্য যদি আইনগত ব্যবস্থা গ্রহণের পর্যায়েও কোন যোগাযোগ না করে, সেক্ষেত্রে অবশ্যই আইনগত ব্যবস্থা নিতে হবে।</p>	<p>ঋণ বিভাগ তাত্ক্ষণিক ব্যবস্থায় ঋণ আদায় কতটুকু পরিমাণ সম্ভব (অর্থাৎ জামানত হতে, সমিতিতে জমাকৃত অর্থ থেকে) এবং প্রকৃত ক্ষতির পরিমাণ কত হবে এতদ্বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও বোর্ডের দৃষ্টি আকর্ষণের জন্যে প্রতিবেদন প্রস্তুত করবেন।</p> <p>ঋণ ব্যবস্থাপক অত্র নীতিমালা অনুযায়ী ঋণ পরিশোধ পুনঃপরিকল্পনা প্রস্তুত করে সুপারিশ সমেত ক্রেডিট কমিটি ও জেনারেল ম্যানেজারের নিকট পেশ করবেন।</p>
৯০ দিন পর	<p>ঋণ খেলাপী তালিকা আইনী পদক্ষেপ গ্রহণের জন্য নিযুক্ত আইনজ্ঞ অথবা সরাসরি আদায়ের জন্য ঋণ আদায়ের এজেন্ট এর (যদি থাকে) কাছে দিতে হবে।</p>	<p>লীগ্যাল নোটিশ বা দাবী নামা প্রেরণ করা হবে, বন্ধকী সম্পত্তি থাকলে তা দখলে নেয়া ও অন্যান্য আদায় কৌশল গৃহীত হবে।</p>
৩৬৫ দিন	<p>ঋণ আদায় না হলে ঋণটি কালো তালিকাভুক্ত করে চলতি ঋণ হিসাব থেকে বাদ দিয়ে দেয়া হবে।</p>	<p>ঋণ বিভাগ নীতিমালা অনুযায়ী ঋণটি কালো তালিকাভুক্ত করা যায় কিনা তার প্রতিবেদন প্রস্তুত ও পেশ সাপেক্ষে জেনারেল ম্যানেজার তা বোর্ড সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন গ্রহণ করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করবেন।</p>

৪। অগ্রাধিকার ভিত্তিতে ঋণ আদায় কার্যক্রম :

ঋণ বিভাগ এর ঋণ আদায় কর্মসূচী অগ্রাধিকারযোগ্য বিষয়গুলো স্থির করবে এবং এই নীতিমালায় প্রদর্শিত নির্দেশনা অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করবে।

৪.১। প্রথম কিস্তি খেলাপী :

যে সদস্য প্রথম কিস্তি খেলাপ করবে, ঐ সদস্য ও জামিনদারের জামানত রক্ষার স্বার্থে দ্রুত কিস্তি আদায় পদক্ষেপ নিতে হবে। কারণ প্রথম কিস্তি খেলাপের নেপথ্যে ঋণ গ্রহীতার কিস্তি পরিশোধের বিষয় ভুলে যাওয়া, কিংবা ভুল বুঝাবুঝির কারণে ঘটে থাকতে পারে, যা যত দ্রুত সম্ভব সমাধান করতে হবে এবং এই খেলাপ যেন কোনভাবেই অব্যাহত না থাকে সে বিষয়ে দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মীকে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। অন্যদিকে এ ধরনের প্রথম কিস্তি খেলাপ হলে যদি অবিশ্বাস বা ঋণ গ্রহীতা সদস্য ঋণ পরিশোধের অনীহা প্রকাশ করে; তবে এই খেলাপী সমস্যা দ্রুত সমাধান করতে হবে এবং আইনগত বা সামাজিক সালিশী বা চাপ প্রয়োগ অতি দ্রুত গ্রহণ করে সমস্যার সমাধান করতে হবে।

৪.২। ক্রেডিট ইউনিয়নের পরিচালক, কমিটি সদস্য এবং কর্মচারী খেলাপী হলে :

মাঠ পর্যায়ে কর্মরত কর্মীকে তদারক ও পর্যবেক্ষণে রাখতে হবে। মাঠকর্মী সর্বদা ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা, কর্মীগণকে তাদের গৃহীত ঋণ নিয়মিত পরিশোধ করতে পরামর্শ, অনুপ্রাণিত করবে। কর্মকর্তা এবং কর্মীগণ যদি নিজেরাই ঋণ পরিশোধ না করে, তাহলে সদস্যদের ঋণ আদায় কঠিন হয়ে যাবে, এই সংক্রান্ত ধারণা ও প্রেরণা মাঠকর্মীকে প্রত্যেক পরিদর্শনকালে কর্মকর্তা ও কর্মীগণকে দিতে হবে। তারা যে ঋণ পরিশোধে খেলাপী নয় এই বিষয় প্রতি পরিদর্শনকালে যাচাই করে দেখতে হবে এবং ঐ সময়ে সে সমস্যার সমাধান নিশ্চিত করবেন।

৪.৩। মেয়াদী ঋণ :

যে সকল ঋণ গ্রহীতা বিভিন্ন মেয়াদের জন্যে ঋণ নিয়ে থাকে সেগুলোকে মেয়াদী ঋণ বলা হয়। যেমন কৃষকদেরকে আবাদের জন্যে কৃষি ঋণ দেয়া হলো যা ফসল ঘরে তোলার পর পরিশোধ করা হবে। এই ধরনের ঋণের ক্ষেত্রে মাঠকর্মী অবশ্যই ঋণের কিস্তি পরিশোধের সময়কাল অর্থাৎ ফসল তোলার সময় সদস্যের ঋণ আদায় পদক্ষেপ নিবেন। এক্ষেত্রে ঋণ পরিশোধের সুনির্দিষ্ট দিন-ক্ষণ-সময়ে যোগাযোগ কিংবা স্মরণ করিয়ে দেয়া হলে ঋণ খেলাপী হওয়ার সম্ভাবনা কমে যায়।

৪.৪। ঋণ আদায়ে কর্মীগণের দিক নির্দেশনা :

৪.৪.১। ঋণ আদায় খুবই গুরুত্ব সহকারে নিবিড়ভাবে তদারক করা। এই সম্বন্ধে ঋণ গ্রহীতা সদস্যকে মাঠকর্মীগণ পূর্ব থেকেই অবহিত করবেন।

- 8.8.২। সদস্য সৎ এবং বিশ্বাসযোগ্য, তাই তাদের সাথে সেভাবে আচরণ করতে হবে। এমন কখনই বলা উচিত হবে না সমিতি ঐ সদস্যের উপর ভরসা বা আস্থা রাখে না বা বোর্ড ও উর্ধ্বতন কর্তৃপক্ষ ঐ সদস্যের সাথে কাজ করতে অসুবিধা মনে করেন বা তার সাথে সমিতির সম্পর্ক বজায় রাখতে নিরস্বাসহী।
- 8.8.৩। যখনই সদস্যের সাথে পুনঃঋণ পরিশোধ চুক্তিনামা হবে তখন সদস্যের সুবিধানুযায়ী একটি দিন বা তারিখ স্থির করা হবে যে দিন বা তারিখে তিনি কিম্ভিড় পরিশোধ করতে ইচ্ছুক।
- 8.8.৪। ঋণ গ্রহীতাকে সম্ভব হলে বিকল্প সুযোগ দেয়া হবে। উদাহরণ স্বরূপ “কোন সদস্য মাসের ১০ তারিখে ঋণ কিম্ভিড় দিতে ইচ্ছা প্রকাশ করল, কিন্তু নির্ধারিত তারিখে সে ঋণ ফেরৎ দিতে সমস্যাপ্রস্ভ হলো। এমতাবস্থায় সদস্যের সাথে পরামর্শ করে অল্প সময়ের মধ্যে ২য় সুবিধাজনক দিন ঠিক করা।”
- 8.8.৫। কোন ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের জন্য সময় পুনঃনির্ধারণ করলে সুনির্দিষ্ট দিন, তারিখে ঋণ অর্থ পরিশোধের অঙ্গীকার অবশ্যই লিখিত নিতে হবে এবং ঐ দিন/তারিখে ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে।
- 8.8.৬। সদস্য প্রতিশ্রুতি অনুযায়ী ঋণ পরিশোধে ব্যর্থ হলে, জামানতের (যদি নেয়া হয়ে থাকে) মূল্য ও অবস্থানের বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। মনে রাখতে হবে ঋণ কিম্ভিড় দেয়া বন্ধ থাকলে অনাদায়ী সুদ যুক্ত হয়ে জামানতের মূল্যমান পাওনা ঋণ ও সুদের চেয়ে কমে যাবে।
- 8.8.৭। ঋণ যদি ৬০ দিনের অধিক খেলাপী হয়ে যায় তাহলে কঠিন ব্যবস্থা নিতে হবে। ৯০ দিন খেলাপী হওয়ার পূর্বেই আইনগত ব্যবস্থা নেয়া হবে।
- 8.8.৮। পূর্বোক্ত ঋণ আদায় পদক্ষেপ মূলতঃ ১৫-৩০ দিন খেলাপী ঋণের জন্যে সুপারিশ করা হয়েছে। যদি খেলাপীর প্রাথমিক পর্যায় উত্তীর্ণ হয়ে যায় তাহলে সার্বক্ষণিক সকল আদায় প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। শুধুমাত্র ‘সমস্যা পূর্ণ’ ঋণ বা নতুন খেলাপী হলে তৎপর হলে চলবে না। কোন ঋণ এক বা দু’টি কিম্ভিড় পরিশোধ না হলে সাপ্তাহিক বা দৈনিক ঋণ আদায় প্রচেষ্টা নিতে হবে।

৫। ঋণ কিম্ভিড় পুনঃনির্ধারণ (ঋণ পরিশোধে নতুন সমঝোতা চুক্তি স্বাক্ষরকরণ) :

- ৫.১। সমিতির বোর্ড অথবা বোর্ডের নিকট হ’তে ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি ঋণ কিম্ভিড় পুনঃনির্ধারণ করবে;
- ৫.২। ঋণ কিম্ভিড় পুনঃনির্ধারণ কালে নিম্নলিখিত নির্দেশিকা বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে :
- ক) প্রস্ভ্রবিত ঋণ কিম্ভিড় পুনঃনির্ধারণ কালে মূল ঋণ চুক্তিনামার উল্লেখিত পরিমাণের চেয়ে কম হারে কিম্ভিড় নির্ধারণের ক্ষেত্র;
- TM বিগত ৬ মাসের ঋণ পরিশোধের অবস্থা বিবেচনা করা;
- TM বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কমিটির ঋণগ্রহীতার সঙ্গে পুনঃনির্ধারিত চুক্তি বোর্ড অনুমোদন করলে।
- খ) ঋণ অনুমোদনকারী কর্তৃপক্ষের সংশ্লিষ্ট ঋণের তদারকির বিশেষ সূচক সমূহ যথাযথভাবে পালিত হলে বা নির্দিষ্ট সময়ান্বেড় তদারকির বিশেষ সূচক সমূহ পালিত হওয়ায় প্রমাণ পাওয়া গেলে।
- গ) ঋণ কিম্ভিড় পুনঃনির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে শর্তাবলী লিখিতভাবে অবহিত করতে হবে। ঋণ গ্রহীতাকে ঋণ কিম্ভিড় পুনঃনির্ধারিত শর্তাবলী ভঙ্গের কারণে মূল ঋণ চুক্তিনামা বলবৎ থাকার বিষয়ে সতর্ক

করতে হবে। ঋণ কিস্তি পুনঃনির্ধারণের শর্তাবলী সম্বলিত পত্রে ঋণ গ্রহীতার শর্তাবলী পরিপালনের স্বীকারোক্তিমূলক প্রাপ্তি স্বীকার স্বাক্ষর গ্রহণ করতঃ সমিতিতে সংরক্ষণ করতে হবে।

ঘ) সদস্যের নিকট হ'তে মূল ঋণ চুক্তিনামার সঙ্গে “ভিন্ন ঋণ চুক্তি নামা”-য় স্বাক্ষর গ্রহণ করে মূল চুক্তিনামার সঙ্গে সংরক্ষণ করতে হবে।

- ৫.৩। ঋণ পরিশোধের পুনঃনির্ধারিত চুক্তিনামার শর্তাবলী পূরণে ঋণ গ্রহীতা ৭ দিন পর্যন্ত ব্যর্থ হলে ঋণ কিস্তি পুনঃনির্ধারণ চুক্তিনামার শর্তাবলী খেলাপ হিসেবে চিহ্নিত হবে এবং সংশ্লিষ্ট ঋণের মূল চুক্তিনামা অনুযায়ী সংশ্লিষ্ট ঋণের আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৫.৪। বোর্ড অব ডিরেক্টরস্ কোন ঋণ কিস্তি পুনঃনির্ধারণের শর্তাবলী ৬ মাস বা অধিক সময় যথাযথভাবে পালিত হলে সংশ্লিষ্ট ঋণটিকে নিয়মিত ঘোষণা করতে পারবে। এক্ষেত্রে সমিতির ঋণ পরিশোধের সর্বোচ্চ সময় সীমার সাদারণ সিদ্ধান্ত বা নীতিমালা পরিপালন বিষয়ে নিশ্চিত হতে হবে।
- ৫.৫। ঋণ কিস্তি পুনঃনির্ধারণকালে সমিতির ঋণ পরিশোধের সর্বোচ্চ (৫.৪-এ বর্ণিত) সময়সীমা অতিক্রম করা যাবে না।

৬। কু-ঋণ সঞ্চিত তহবিলের বিপরীতে খেলাপী ঋণ অবলোপন (write-off) করণ :

৬.১। অনাদায়যোগ্য ঋণ মাসিক ভিত্তিতে অবলোপন করা হবে। কোন ঋণ অবলোপন (write-off) করণের অর্থ সংশ্লিষ্ট ঋণ আদায় কার্যক্রম কোন ক্রমেই স্থগিতকরণ বুঝায় না। অবলোপনকৃত ঋণ আদায় প্রচেষ্টা অবশ্যই অব্যাহত থাকবে। জেনারেল ম্যানেজার নিতের ঋণগুলো অবলোপনের জন্যে বোর্ড অব ডিরেক্টরস্ এর বরাবরে সুপারিশ করবেনঃ

- (ক) যোগাযোগের সমস্ ড প্রক্রিয়া নথিভুক্তকরণ সাপেক্ষে ৯০ দিন পর্যন্ত ঋণ গ্রহীতার খোঁজ পাওয়া না গেলে;
- (খ) যে সকল ঋণ ১২ মাসের অধিক খেলাপী এবং একাধারে ৬ (ছয়) মাস কোন অর্থই পরিশোধ করেনি বা এই ঋণ পরিশোধ সংক্রান্ত বোর্ড বা জেনারেল ম্যানেজারের পূর্বানুমোদন নেই;
- (গ) কোন ঋণ আদায় সংস্থা বা আইনজ্ঞের মাধ্যমে যে সকল ঋণ আদায় ব্যবস্থা নেয়া হয়েছে;
- (ঘ) যে সকল ঋণের জামানত নেই এবং ৬ (ছয়) মাস ধরে ঋণের কোন অর্থ আদায় হয় না;
- (ঙ) কোন ঋণের অনাদায়ী অবশিষ্টাংশ যার কোন অর্থই আদায় হচ্ছে না এবং ঋণ আদায়ের সম্ভাব্য কোন ব্যবস্থাই নেয়া যাবে না প্রমাণিত, এমন ঋণ;
- (চ) এমন ঋণ যা যত মাস বা সময়-এর খেলাপী হোক না কেন, ঐ ঋণ আদায়যোগ্য নয় বলে সম্পূর্ণ নিশ্চিত হওয়ার প্রামাণিক দলিল/কারণ বিদ্যমান।

- ৬.২। খেলাপী ঋণ অবলোপন বলতে সদস্যের শেয়ার,সঞ্চয়/মেয়াদী আমানত এবং কু-ঋণ সঞ্চিতি তহবিল হতে মাসিক ভিত্তিতে ঋণের অর্থ সমন্বয় পূর্বক খেলাপী ঋণ ক্রেডিট ইউনিয়নের চলতি আর্থিক বিবরণী হতে সরিয়ে অন্যত্র হিসাব রক্ষণকে বুঝায়।
- ৬.৩। উপরোক্ত শর্ত যুক্ত ঋণ যদি বোর্ড অব ডিরেক্টর্স অবলোপন না করার সিদ্ধান্ত গ্রহণ করে, সেক্ষেত্রে অবলোপন না করার বিস্তারিত কারণ বোর্ড সভার কার্যবিবরণীতে উল্লেখ থাকবে।
- ৬.৪। কোন ঋণ হিসাবের অবলোপন করার মানে এই নয় যে, ঋণের অর্থ মওকুফ হয়ে গেছে। অনাদায়ের সন্দেহ জনক কারণে হিসাব বিবরণীতে এর প্রতিফলন না ঘটলেও, অবলোপনকৃত ঋণের অর্থ অবশ্যই ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ তালিকায় আলাদাভাবে সংরক্ষিত থাকবে এবং সম্পদ হিসেবে পরিগণিত হবে। ঋণ ও হিসাব বিভাগ অবলোপনকৃত ঋণের জন্যে আলাদা ব্যালেন্স সীট সংরক্ষণ করবে। বোর্ড অব ডিরেক্টর্স এর কাছে পেশকৃত মাসিক ম্যানেজমেন্ট রিপোর্টে এধরনের অবলোপনকৃত ঋণ আদায়ের অগ্রগতি প্রতিবেদনে সংযোজন করতে হবে।
- ৬.৫। অবলোপনকৃত ঋণের (দেউলিয়া ঘোষিত ঋণ ছাড়া) সমুদয় ঋণ ও সুদের পাওনা অর্থ আদায়ে অব্যহতভাবে আইনগত ব্যবস্থা নিতে হবে।
- ৬.৬। অবলোপনকৃত ঋণ পরিস্থিতি সময় সময় পূর্ণমূল্যায়ন করে, কোন ভাবে ঋণ গ্রহীতার অবস্থার পরিবর্তনের ফলে ঋণ পরিশোধ সম্ভব কিংবা অন্য কোন পক্ষ বা ব্যক্তি কেউ ঋণ পরিশোধে দায়বদ্ধ থাকলে তাদের কাছ থেকে আদায় নিশ্চিত করার ব্যবস্থা থাকা প্রয়োজন।

৭। সম্পদ মূল্যায়ন সুবিধা :

- ৭.১। জেনারেল ম্যানেজার ঋণের ক্ষতি সঞ্চিতি সংরক্ষণ যেন পর্যাপ্ত হয়, সে বিষয়ে নিশ্চিত করে সাধারণ হিসাব নীতিমালা অনুযায়ী আর্থিক বিবরণীর স্বচ্ছতা নিশ্চিত করবেন।
- ৭.২। ঋণের সম্ভাব্য ক্ষতির বিপরীতে নিলিখিত হারে কু-ঋণ সঞ্চিতি সংরক্ষণ করতে হবে :
- (ক) ১ থেকে ১২ মাস পর্যন্ত সময়ের খেলাপী ঋণের জন্য ৩৫%
- (খ) ১২ মাসের অধিক খেলাপীর জন্য ১০০%
- ৭.৩। সাধারণভাবে অসুস্থকালীন ও ঋণ সঞ্চিতি সংরক্ষণ নির্ধারণের ক্ষেত্রে বার্ষিক হিসাব সমাপনীতে মোট কু-ঋণ সঞ্চিতির সঙ্গে সর্বশেষ মাসের বিতরণকৃত ঋণ ব্যালেন্সের ১% সঞ্চিতি সংরক্ষণ করতে হবে। ১% ঋণ সঞ্চিতি সংরক্ষণ ৭.২ ক ও খ নির্দেশনা অনুযায়ী কম হলে ৭.২ ক ও খ এর নির্দেশিত হারে সঞ্চিতি রাখতে হবে।

৮। ঋণের সুদ সংরক্ষণ :

৮.১। নিম্নের কোন কারণ সংঘটিত হলে ঋণের সুদ সংরক্ষণ হিসাব আয়ভুক্ত করা যাবে না।

- ক) লোন প্রটেকশন থাকলেও ঋণ গ্রহীতা সদস্য মৃত্যুবরণ করলে;
- খ) ঋণ এক মাস বা ততোধিক সময়ের বকেয়া হলে;
- গ) পাওনা ঋণের বকেয়া সংক্রান্ত বিচারের রায় পাওয়া গেছে কিন্তু এখনও আদায় হয়নি; এবং
- ঘ) কোন ঋণ আদায় প্রতিষ্ঠানের মাধ্যমে যে সকল ঋণ আদায়ের দায়িত্ব দেয়া হয়েছে।

৮.২। ঋণ গ্রহীতা সদস্য অপরিশোধিত ঋণের সম্পূর্ণ সুদ পরিশোধ করতে দায়বদ্ধ থাকবে। কোন কারণে আংশিক কিংবা ভুলক্রমে কম সুদ হিসাব বা আদায় করার ফলে সুদ অপরিশোধিত রয়ে গেলে তা ভবিষ্যতে পরিশোধ করতে সদস্য বাধ্য থাকবে। এই ধরনের অনাদায়ী সুদ আদায়ে জেনারেল ম্যানেজার সব ধরনের পদক্ষেপ গ্রহণ করবেন।

৮.৩। কোন ঋণ গ্রহীতা সদস্যের হিসাব পর্যালোচনায় সুদ অনাদায়ী দৃষ্ট হলে, জেনারেল ম্যানেজার তা পুনঃ আদায়ের জন্যে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা সদস্যকে অবহিত করবেন।

৯। পাওনা ঋণের তুলনায় কম অর্থে ঋণ আদায় :

বোর্ড অব ডিরেক্টরস্ তাদের বিশেষ ক্ষমতায় সর্ব-অবস্থা বিবেচনা করে প্রয়োজন হলে, আদায়ের সর্ব প্রকার কৌশল অবলম্বনের পর কোন সদস্যের কাছে প্রাপ্য মোট ঋণের চেয়ে কম অর্থ গ্রহণ পূর্বক ঋণ হিসাবটি সুরাহা করতে পারবেন। সর্বদিক বিবেচনায় বোর্ড সিদ্ধান্তক্রমে যদি কোন সদস্য নির্দিষ্ট পরিমাণ নগদ অর্থ (যা প্রাপ্য ঋণ ও সুদের কিছু কমও হতে পারে) পরিশোধ করবে কেবল সেক্ষেত্রেই এই সুযোগ দেয়া যাবে। এধরনের ক্ষেত্রে অপরিশোধিত ঋণ ও সুদের দুই-তৃতীয়াংশ অর্থ নগদ পরিশোধ করলে বা সর্বসাকুল্যে পাওনার তিন চতুর্থাংশ আদায় সাপেক্ষে বোর্ড অব ডিরেক্টরস্ এর সিদ্ধান্তক্রমে ঋণ গ্রহীতাকে এই সুযোগ দেয়া যেতে পারে।

১০। ঋণ আদায় এজেন্ট নিয়োগ (প্রয়োজনে) :

সমিতির ঋণ আদায় এজেন্ট হবেন। জেনারেল ম্যানেজার অথবা তার নিযুক্ত প্রতিনিধি যেকোন সদস্যের অপরিশোধিত ঋণ আদায়ের জন্যে যেকোন আদালতে মামলা মোকদ্দমা দায়ের জন্যে অনুমোদিত অফিসার বলে দায়িত্ব প্রাপ্ত হবেন।

১১। ঋণ হিসাবের সময় বর্ধিতকরণ :

১১.১। পূর্বানুমোদন ব্যতিরেকে, কোন ঋণ গ্রহীতাই ঋণ পরিশোধ স্থগিত রাখতে পারবে না। সদস্যের পক্ষ থেকে লিখিত আবেদন প্রাপ্তি সাপেক্ষে ক্রেডিট ইউনিয়ন বোর্ড সর্বোচ্চ ৯০ দিনের জন্য ঋণ কিম্বা প্রদান স্থগিত রাখার অনুমোদন প্রদান করতে পারবে।

১১.২। জেনারেল ম্যানেজার মাসিক ভিত্তিতে ৯০ দিনের অধিক কিম্বিড স্থগিত রাখার মঞ্জুরকৃত আবেদন ও ঋণ গ্রহীতা সদস্যের তালিকা বোর্ড অব ডিরেক্টরস্ এর নিকট প্রতিবেদন আকারে পেশ করবেন।

১২। ঋণ অগ্রিম পরিশোধ হিসাব :

ঋণ হিসাবের বিপরীতে অগ্রিম প্রাপ্ত কোন চেক/অর্থে ঋণের খেলাপী কিম্বিড আদায় দেখানো যাবে না :

১২.১। ঋণ হিসাবের বিপরীতে প্রাপ্ত চেক নগদীকরণ না হওয়া পর্যন্ত;

১২.২। ঋণের বিপরীতে গচ্ছিত জামানতের (স্বেচ্ছা বা বাধ্যতামূলক) হস্তান্তর করণের মাধ্যমে গৃহীত ঋণের সম্পূর্ণ বা অংশিক পরিশোধিত হলে।

১৩। প্রতিবেদন :

জেনারেল ম্যানেজার, চেয়ারম্যান এবং অভ্যন্তরীণ অডিট কমিটির নিকট পেশ করার লক্ষ্যে ঋণ বিভাগ নিম্নের প্রতিবেদনগুলো প্রস্তুত করবে :

- (ক) ঋণ এবং মাইক্রো ফাইন্যান্স এর মাসিক খেলাপী প্রতিবেদন;
- (খ) মাসিক অবলোপনকৃত ঋণ প্রতিবেদন;
- (গ) মাসিক ঋণ ক্ষতি সঞ্চিতি প্রতিবেদন।

উপরোক্ত প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পরবর্তী মাসের ১০ তারিখ বা তার পূর্বে পেশ করতে হবে।

ক্রেডিট ইউনিয়ন হ'তে খেলাপী ঋণ গ্রহীতার নিকট
বিভিন্ন সময়ালেড় প্রেরণ যোগ্য নোটিশ সমূহের নমুনা

ক্রেডিট ইউনিয়নের নাম :

ঠিকানা :

তারিখ :

দৃষ্টি আকর্ষণ

সদস্যের নাম : ----- হিসাব নং-----

ঠিকানা : -----

সম্ভবতঃ কোন কারণে তারিখে
আপনি ঋণের কিস্তি ও সুদ পরিশোধ করেননি।
যদি তাই হয়, পার্শ্বে উল্লেখিত নির্ধারিত তারিখের
-
পূর্বে ঋণ ও সুদের অর্থ পরিশোধ করলে আমরা
কৃতার্থ হবো।

অপরিশোধিত ঋণ : টাকা -----
সুদ : টাকা -----

জরিমানা : টাকা -----
মোট : টাকা -----
দেয় তারিখ : -----

ম্যানেজার, ঋণ বিভাগ

ক্রেডিট ইউনিয়নের নাম :

ঠিকানা :

তারিখ :

আপনি ভুলে গেছেন কি?

সদস্যের নাম : ----- হিসাব নং -----

ঠিকানা : -----

আপনি তারিখে প্রদত্ত দৃষ্টি আকর্ষণ
নোটিশের উল্লেখিত ঋণ পরিশোধের বিষয় ভুলে গিয়েছেন
কি? আমরা আপনার কিস্টি ও সুদের অর্থ অদ্যাবধি পাইনি।
আমাদের বিশ্বাস কোন কারণে আপনি কিস্টি, সুদ দেয়ার
বিষয় ভুলে থাকতে পারেন। সুতরাং আপনার ঋণ ও সুদের
অর্থ গ্রহণের অপেক্ষায় আছি।

অপরিশোধিত ঋণঃ টাকা -----
সুদ : টাকা -----
জরিমানা : টাকা -----
মোট : টাকা -----
দেয় তারিখ -----

ম্যানেজার, ঋণ বিভাগ

ক্রেডিট ইউনিয়নের নাম : -----

ঠিকানা : -----

তারিখ : -----

আপনার বকেয়া ঋণ ও সুদ পরিশোধ করা হবে কি?

সদস্যের নাম : ----- হিসাব নং -----

ঠিকানা : -----

অনুগ্রহ করে আপনার বকেয়া ঋণ, সুদ ও জরিমানা পরিশোধ করুন।
এই নোটিশ প্রাপ্তির ২০ দিনের মধ্যে আপনার বকেয়া ঋণ ও সুদ
পরিশোধ করুন।

অপরিশোধিত ঋণঃ টাকা -----
সুদ : টাকা -----
জরিমানা : টাকা -----
মোট : টাকা -----
দেয় তারিখ -----

ম্যানেজার, ঋণ বিভাগ

ক্রেডিট ইউনিয়নের নাম : -----

ঠিকানা : -----

তারিখ : -----

এই নোটিশ আপনার সর্বশেষ সুযোগ

সদস্যের নাম : ----- হিসাব নং -----

ঠিকানা : -----

অনুগ্রহ করে আপনার বকেয়া ঋণ, সুদ ও জরিমানা পরিশোধ করুন।

এই নোটিশ প্রাপ্তির ২০ দিনের মধ্যে আপনার বকেয়া ঋণ ও সুদ

পরিশোধ করা না হলে আমরা আপনার বিরুদ্ধে সর্জনক

আইনগত ব্যবস্থা গ্রহণে বাধ্য হবো।

অপরিশোধিত ঋণঃ টাকা -----

সুদ : টাকা -----

জরিমানা : টাকা -----

মোট : টাকা -----

দেয় তারিখ -----

ম্যানেজার, ঋণ বিভাগ

দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব)

প্রধান কার্যালয় : কাল্ব ভবন, স্কুল রোড, খিলবাড়ীরটেক, গুলশান, ঢাকা-১২১২।

কাল্ব ক্ষুদ্রঋণ কার্যক্রম (সিএমপি) ----- ইউনিট

গ্রাম : , পোঃ অঃ , জেলাঃ ।

তারিখ : -----

এই নোটিশ আপনার সর্বশেষ সুযোগ

ক্রেডিট ইউনিয়নের নাম : -----

সদস্যের নাম : ----- হিসাব নং ----- ক্ষুদ্রদলের নাম ও কোড নং -----

ঠিকানা : -----

অনুগ্রহ করে আপনার বকেয়া ঋণ, সুদ ও জরিমানা পরিশোধ করুন।

এই নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে আপনার বকেয়া ঋণ ও সুদ

পরিশোধ করা না হলে আমরা আপনার বিরুদ্ধে সর্ব্বক

আইনগত ব্যবস্থা গ্রহণে বাধ্য হবো।

অপরিশোধিত ঋণঃ টাকা -----

সুদ : টাকা -----

জরিমানা : টাকা -----

মোট : টাকা -----

পরিশোধের শেষ তারিখ -----

মাঠকর্মী

ইউঃ সুপারভাইজার

সমন্বয়কারী, সিএমপি
কাল্ব লিঃ

ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালা

প্রয়োজনীয়তা :

ক্রেডিট ইউনিয়নে গচ্ছিত সকল সম্পদ-পরিসম্পদ, ঋণ দানন ও বিনিয়োগ ব্যবস্থার সার্বিক ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে এই নীতিমালা প্রণীত।

উদ্দেশ্য :

- 2 ক্রেডিট ইউনিয়নের শক্তিশালী এবং কার্যকর আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা;
- 2 ক্রেডিট ইউনিয়নের নগদ আর্থিক প্রয়োজনে যথেষ্ট তারল্য ও তহবিলে সংস্থান করা;
- 2 সঞ্চয়কারী এবং ঋণ গ্রহীতাগণের প্রতি সুষ্ঠু ও জবাবদাহিমূলক আচরণ নিশ্চিত করা।

১। দায়িত্ব :

- ১.১। ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনার পক্ষ হতে ব্যক্তিগত এবং সমষ্টিগত অঙ্গীকার ও সময়োপযোগী প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সঞ্চয়, ঋণ, বিনিয়োগের সুদ হার পরিবর্তন করতঃ সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালা বাস্‌ড্রায়ন নিশ্চিত করতে হবে।
- ১.২। ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান, ট্রেজারার এবং প্রধান নির্বাহীর সম্মুখে একটি কমিটি সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালা বাস্‌ড্রায়নে ব্যবস্থাপনার সিদ্ধান্ত ও কার্যক্রম তদারকি এবং নির্দিষ্ট সময়ান্বেদ অত্র নীতিমালার পরিবর্তন/পরিবর্ধন বা সংশোধনের সুপারিশ করবে।
- ১.৩। ক্রেডিট ইউনিয়নের বোর্ড এই কমিটি গঠন করবে এবং কমিটির কার্যক্রম, প্রতিবেদন ও সুপারিশ মূল্যায়ন করতঃ প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

॥

২। সম্পদ-পরিসম্পদ এবং দেনা-পাওনা ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কর্তব্য :

ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা কমিটি নির্দিষ্ট সময় পর পর সভায় মিলিত হয়ে ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয় পর্যালোচনা এবং তদারকি করবে। হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুত সকল আর্থিক প্রতিবেদনের প্রতিপাদ্য সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা কমিটির কার্যক্রমের মূল ভিত্তি। বিধায় ক্রেডিট ইউনিয়নের সকল আর্থিক প্রতিবেদনে ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনার সুদের হার, তারল্যের ঝুঁকি এবং মানদণ্ডের অনুপাত সমূহের বিশ্লেষণ বিশেষভাবে নির্দিষ্ট ও কেন্দ্রীভূত থাকতে হবে। ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা কমিটির সুনির্দিষ্ট কার্যক্রম গুলো হলো :

২.১। সুদের হার নির্ধারণ বিষয়ক ঝুঁকি তদারকি :

ক্রেডিট ইউনিয়নের সকল সুদ হার নির্ধারণ বা পুনঃনির্ধারণ কালে দায় ও দেনার সময়কালকে বিশেষভাবে মূল্যায়ন করা। সুদ হার পুনঃনির্ধারণের বিষয়টি সাধারণত ঋণ, বিনিয়োগ বা আমানতের স্থিতি এবং সংশ্লিষ্ট বিষয়ের পরিবর্তনশীলতার উপর নির্ভরশীল। উপযুক্ত সময়ে ঋণ, বিনিয়োগ বা আমানতের সুদ পুনঃনির্ধারণ করা না হলে ক্রেডিট ইউনিয়নের আয়ের সঙ্গে ব্যয়ের ব্যবধান সৃষ্টি করতে শুরু করে, যা ভবিষ্যতে ক্রেডিট ইউনিয়নের জন্য ঝুঁকির কারণ হয়ে দাঁড়াতে পারে। ঋণ দানন বা বিনিয়োগের সঙ্গে আমানত সমূহের সুদ হারের পার্থক্য সর্বদা বিশেষভাবে লক্ষ্য রাখা জরুরী। সকল ক্ষেত্রে ক্রেডিট ইউনিয়নকে ঋণ দানন বা যেকোন বিনিয়োগ বা আমানত সমূহের ক্ষেত্রে সদস্য-জনগণের মনোভাব এবং ক্রেডিট ইউনিয়নের সুদ হার পরিবর্তনের ক্ষমতা এবং আয় ও ব্যয়ের পার্থক্য

বিবেচনায় রাখতে হবে। ঋণ দান, যেকোন বিনিয়োগ এর পরিকল্পিত আয় এবং বিভিন্ন আমানতের জন্য পরিকল্পিত প্রদেয় সুদ এর পার্থক্য হিসেব করেই ক্রেডিট ইউনিয়নকে দীর্ঘ মেয়াদী ঋণ দান বা বিনিয়োগের জন্য ভিন্ন ভিন্ন সুদ হারে বিভিন্ন আমানত সংগ্রহ করতে হবে। তবে এক্ষেত্রে দেশীয় বা আন্তর্জাতিক অর্থ বাজারে সুদ হারের নাটকীয় যেকোন পরিবর্তনের বিষয়টিও বিশেষভাবে বিবেচ্য হওয়া প্রয়োজন।

২.২। নগদ অর্থের তারল্য তদারকি :

প্রতিটি ক্রেডিট ইউনিয়নের সমবায় আইন এবং মানসম্পন্ন প্রচলিত আর্থিক বাজারের প্রেক্ষিতে যথেষ্ট পরিমাণ তারল্য বজায় রাখতে হবে। নগদ অর্থের তারল্যের পরিমাণ বা মাত্রা বিভিন্ন কারণে পরিবর্তন হতে পারে। এগুলোর মধ্যে - আর্থিক বাজার বা অর্থনীতিতে সাময়িক বা তাৎক্ষণিক উর্ধ্বগতি বা মন্দা, ঋণ দানের চেয়ে অধিক মুনাফায় বিনিয়োগের পরিস্থিতি সৃষ্টি, সম্পদের বর্তমান এবং ভবিষ্যতের আয় অর্জনের প্রত্যাশা বা পরিকল্পনা এবং তহবিলের প্রাপ্যতা। তবে একটি ক্রেডিট ইউনিয়নে সম্পদ এবং দায়-দেনার বয়ঃ প্রাপ্তি হওয়ার বিষয়টি সেই ক্রেডিট ইউনিয়নের নগদ অর্থের তারল্যের মাত্রা নির্ধারণে অন্যতম একটি বিবেচ্য বিষয় ধরে নিয়ে সেই হিসেবে তারল্যের মাত্রা নির্ধারণে যথা সময়ে প্রয়োজনীয় সংশোধন আনতে হবে।

২.৩। আবাসন ও গৃহায়ন ঋণ ঝুঁকি তদারকি :

আবাসন ও গৃহায়ন ঋণের ক্ষেত্রে ক্রেডিট ইউনিয়নের স্থিতি পত্রে ৪টি প্রাথমিক ঝুঁকি বিদ্যমান। যেমন :

- ক) আবাসন ও গৃহায়ন ঋণের ক্ষেত্রে দীর্ঘ মেয়াদে একই সুদ হার বলবৎ থাকার ঝুঁকি;
- খ) একই শহর এলাকার আবাসন ও গৃহায়ন ঋণ প্রদানে নিবিড় ভৌগোলিক এলাকায় অধিক ঋণের ঝুঁকি;
- গ) দীর্ঘ মেয়াদে আবাসন ও গৃহায়ন ঋণের ফলে অন্যান্য সদস্যগণের ঋণ চাহিদা এবং/অথবা তাৎক্ষণিক সঞ্চয়/শেয়ার উত্তোলনের প্রেক্ষিতে ক্রেডিট ইউনিয়নের তহবিল বা মুনাফার জন্য ক্ষতিকর অধিক নগদ অর্থ তারল্য রাখার ঝুঁকি;
- ঘ) ঋণ গ্রহীতার ঋণ পরিশোধে খেলাপ বা ঋণ পরিশোধিত না হলে বিপুল অংকের তহবিল দীর্ঘ মেয়াদে আবাসন ও গৃহায়ন ঋণে আবদ্ধ থাকার ঝুঁকি।

২.৪। সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা সমূহের ব্যবসায়িক মন্দা পর্যবেক্ষণ :

সম্পদ-পরিসম্পদ এবং দায় সমূহের সুদের হার হ্রাস ক্রেডিট ইউনিয়নের আয় হ্রাস করে। নগদ অর্থের তারল্য বৃদ্ধির ফলে ক্রেডিট ইউনিয়নে সম্পদ-পরিসম্পদ এবং দায় সমূহের সুদ নির্ধারণে ঝুঁকির ক্ষেত্রে অধিকতর প্রতিকূল অবস্থার সৃষ্টি করে। এধরনের ক্ষেত্রে বা যেকোন ব্যবসায়িক মন্দার অন্যান্য প্রতিপাদ্য সমূহ বিশেষভাবে বিবেচনায় রাখতে হবে।

২.৫। প্রয়োজনীয় মান নির্ধারণী সূচক ও পরিসংখ্যান তদারকি :

ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা সমূহের সুদ বিষয়ক ঝুঁকি এবং নগদ অর্থের তারল্য সম্পর্কিত মান সম্পন্ন সূচক ও পরিসংখ্যান পর্যবেক্ষণ ছাড়াও ক্রেডিট ইউনিয়ন পরিচালনার অন্যান্য সূচক সমূহ পর্যবেক্ষণ করতে হবে। বিশেষ করে ক্রেডিট ইউনিয়নের আর্থিক লক্ষ্যমাত্রা অর্জনের মানদণ্ড বিষয়ক সূচক সমূহের প্রতি পর্যবেক্ষণ কেন্দ্রীভূত করতে হবে। এজন্য সম্পদ-পরিসম্পদ এবং দায় সমূহের উদ্দেশ্যাবলীর ভিত্তিতে অর্জিত বিভিন্ন মানদণ্ড বিষয়ক সূচক এবং তার প্রবণতা মূল্যায়ন করতে হবে।

২.৬। সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা সমূহের মূল্য নির্ধারণ কৌশল এবং নতুন প্রডাক্ট বিশ্লেষণ :

যেকোন নতুন ঋণ, সঞ্চয় প্রডাক্ট বিপন্ন বা তার মূল্য নির্ধারণ কৌশল প্রস্তুত উত্থাপনকালে ক্রেডিট ইউনিয়নের সুদ হারের ঝুঁকি এবং নগদ অর্থ তারল্যের উপর প্রস্তুত ঋণ দান বা সঞ্চয় প্রডাক্ট-এর গুরুত্বপূর্ণ প্রভাব সমূহ বিশ্লেষণ ও পর্যবেক্ষণ করতে হবে। চূড়ান্তভাবে স্থিরকৃত সুদের ঋণ তাৎক্ষণিক সিদ্ধান্তে পরিবর্তনযোগ্য সুদ হারে ঋণ বা তার বিপরীতমুখী করণের ক্ষেত্রে ঝুঁকি অধিকতর জটিল করে তুলতে পারে। নির্দিষ্ট সময়ান্বেষণে অথবা বার্ষিক ভিত্তিতে পরিবর্তনযোগ্য সুদ হারের ঋণের বিষয়ও একইভাবে বিশ্লেষণ ও পর্যালোচনা হওয়া বাঞ্ছনীয়।

২.৭। ক্রেডিট ইউনিয়নের প্রতিযোগী অবস্থান তদারকি ও পুনঃপর্যালোচনা :

ক্রেডিট ইউনিয়ন কর্তৃক ধার্যকৃত ঋণের এবং সঞ্চয় আমানতের সুদ হার স্থানীয় অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে তুলনামূলক পর্যালোচনা একান্তভাবে জরুরী। কারণ :

- * এর মাধ্যমে ক্রেডিট ইউনিয়নের সঞ্চয়/আমানতের উপর প্রদত্ত সুদ হার এবং ঋণের উপর ধার্যকৃত সুদ হার এর সহিত অর্থ বাজারের অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সামঞ্জস্য নিশ্চিত/নিরূপন করা সম্ভব।
- * প্রদত্ত এবং আদায়কৃত সুদ হার সঞ্চয়কারী এবং ঋণ গ্রহীতাগণের নিকট সঙ্গতিপূর্ণ এবং ন্যায্য।
- * ক্রেডিট ইউনিয়নের লাভজনক অবস্থা এবং আর্থিক শক্তির ভিত্তি ধার্যকৃত ঋণের সুদ এবং/অথবা সঞ্চয়/আমানতের প্রদেয় লভ্যাংশ নয়।

২.৮। সুদ হার পরিবর্তনের প্রভাব পর্যবেক্ষণ :

ক্রেডিট ইউনিয়নে “কি এবং যদি” প্রশ্নের মাধ্যমে ক্রেডিট ইউনিয়নের আর্থিক অবস্থানের উপর প্রভাব ফেলতে পারে এমন বিষয়; যেমন- বিভিন্ন উপাদানের সুদ হার নির্ধারণ, সুদ হার এবং নগদ অর্থের তারল্য প্রভৃতি পরিমাপ করতে হবে। বিশেষত্বের মাধ্যমে উচ্চ হারের ফলে নগদ অর্থ প্রবাহে সম্পদের উর্ধ্বমুখী গতি এবং দায়-দেনার নিম্নমুখী গতি লক্ষণীয় হবে এবং এধরনের বিপরীতমুখী ফলাফল ক্রেডিট ইউনিয়নে প্রতিকূল প্রভাব ফেলবে।

আবার যখন সুদ হার নিম্ন হবে, উপরোল্লিখিত অবস্থার ঠিক উল্টোটা ঘটবে। অর্থাৎ সেক্ষেত্রে নগদ প্রবাহের ক্ষেত্রে সম্পদের নিম্নমুখী গতি এবং দায়-দেনার উর্ধ্বমুখী গতি লক্ষ্য করা যাবে। একই সঙ্গে এধরনের বিপরীতমুখী ফলাফলও ক্রেডিট ইউনিয়নের জন্য প্রতিকূল অবস্থার সৃষ্টি করবে। এসবের কারণ হলো সদস্যগণ উর্ধ্ব মূল্যের ঋণ গ্রহণ ও অর্থায়নে নিরুৎসাহী ও স্বল্প আয়ের সঞ্চয়/আমানত উত্তোলন করে উচ্চতর হারে বিনিয়োগে উৎসাহী হয়।

৩। সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনার ঝুঁকি নির্দেশিকা ও নীতিমালা :

সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা এবং অর্থবাজারের ক্রমপরিবর্তনশীল অবস্থা সুদ হার ঝুঁকি নিয়ন্ত্রণ এবং তারল্য ব্যবস্থাপনায় সুনির্দিষ্ট এবং স্থায়ী নীতিমালা প্রণয়নের অন্যতম প্রতিবন্ধকতা। প্রয়োজনে সেই নীতিমালা সংশোধনের জন্য বোর্ডের দ্বারস্থ হতে হবে, যা সময় সাপেক্ষ বিষয়। এজন্য অনেক ক্ষেত্রে বোর্ডকে সুনির্দিষ্ট এবং স্থায়ী নীতিমালার পরিবর্তে বোর্ডের নিকট সুদ হার ঝুঁকি গ্রহণযোগ্য ও সহনীয় মাত্রায় অথবা কৌণিক অবস্থান নির্দেশ করে “ঝুঁকি নিয়ন্ত্রণ নির্দেশিকা”-য় ম্যানেজমেন্টকে সীমিত ক্ষমতা প্রদান করা হয়। এই নির্দেশিকায় সুদ হার ঝুঁকির অনুমিত আয় ও ব্যয়ের ব্যবধান এবং মোট সম্পদের তুলনা চিত্র থাকা বাঞ্ছনীয়।

৪। প্রাক্কলিত আয়ের ব্যবধানের বিপরীতে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নির্দেশিকা :

এই নির্দেশিকার মাধ্যমে সাধারণভাবে প্রচলিত সুদ হারের প্রবৃদ্ধি উর্ধ্বমুখী ঝুঁকি-এর প্রেক্ষাপটে স্বল্প মেয়াদে সুদ হারের না সূচক (নিম্নমুখী) প্রাক্কলিত পার্থক্যের জন্য সহনীয় মাত্রা বজায় রাখা। একটি ক্রেডিট ইউনিয়নকে সর্বদা সম্পদ-পরিসম্পদের চেয়ে দায়-দেনার সুদ হার বিষয়ে সংবেদনশীলতার প্রতি বেশি উৎসাহী হতে হবে। এই নির্দেশিকা সমকালীন অর্থবাজারের সঙ্গে সঙ্গতি রেখে ক্রেডিট ইউনিয়নের বিনিয়োগের সুদ হারে নিম্নমুখী প্রবণতার সময়কালের বিস্তৃতি ও দৈর্ঘ্যের প্রেক্ষাপটে আয়ের অবস্থান বিশেষত্ব করে কোন ঝুঁকি পদ্ধতিতে নয়, ধীর স্থিরভাবে যতদূর সম্ভব স্বল্প সময়ের মধ্যে সম্পদ-পরিসম্পদের সুদ হার সমন্বয় সাধনের ব্যবস্থা নিতে হবে। এধরনের পদক্ষেপ গ্রহণের ফলে ক্রেডিট ইউনিয়নে ঋণ দাদনের মাধ্যমে লাভজনক অবস্থায় উত্তরণের চেয়ে আয় ও ব্যয়ের ব্যবধান সমন্বয়ের মাধ্যমে আয় অর্জনের পথ সুগম করতে পারে। এই প্রক্রিয়ায় স্বল্প সুদের স্বল্প মেয়াদী সঞ্চয়/আমানতের প্রতি সঞ্চয়কারীদের অধিকতর সন্তুষ্টি ও আগ্রহী এবং ঋণ গ্রহীতাগণকে অধিক হার সুদে দীর্ঘ মেয়াদে ঋণ গ্রহণের প্রতি আকৃষ্ট করবে।

সুদ হার পরিবর্তন বা এর মাধ্যমে আয়ের পরিক্রমা নিম্নমুখী হলে এবং স্বল্প মেয়াদের ঋণের সুদ হার দীর্ঘ মেয়াদী ঋণের সুদ হারের সমান বা অধিক হলে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নির্দেশিকা পরিবর্তন পূর্বক প্রয়োজনীয় সামঞ্জস্য আনয়নে তার প্রতিফলন ঘটাতে হবে।

৫। মৌলিক ঝুঁকি :

ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদের সুদ হার-এর সঙ্গে বিনিয়োগের সুদ হার-এর মধ্যে পার্থক্য পরিসংখ্যান সন্দেশ জনক হলেও ঝুঁকি থেকে যায়। সুদ হার পরিবর্তনে সম্পদ-পরিসম্পদের সুদ হার এর সঙ্গে বিনিয়োগের আয়ের হার এর ব্যবধান ০ (শূণ্য) হলেই ক্রেডিট ইউনিয়ন ক্ষতিগ্রস্ত হবে না ভাবা সম্পূর্ণ ঠিক নয়।

অর্থ বাজারে এ অবস্থা চলতে থাকলে সঞ্চয়, ঋণ ও বিনিয়োগের পুনঃমূল্য নির্ধারণে বোর্ডের সময়ক্ষেপনের ফলে সম্পদের আয় ও দায় সমূহের ব্যয়ের ব্যবধান ০ (শূণ্যের) কোঠায় নামিয়ে আনা সম্ভব হয় না। দেখা যাবে সম্পদের আয় প্রাপ্তির তুলনায় দায়-দেনার ব্যয় লক্ষণীয় ভাবে বেড়ে যাওয়ায় প্রাক্কলিত আয় ও ব্যয়ের মধ্যে কোন পার্থক্য দেখা না

গেলেও অপ্রত্যাশিতভাবে ক্রেডিট ইউনিয়নের আয়ের মাত্রা উল্লেখযোগ্যভাবে কমে যাবে। একেই মৌলিক ঝুঁকি বলা হয়।

এই মৌলিক ঝুঁকি অধিকতর বৃদ্ধি পায় তখনই, যখন সম্পদ বা/এবং দায়-দেনার একটি বড় অংশের মূল্য পুনঃনির্ধারণের অপেক্ষায় রাখতে হয়। এধরনের ঝুঁকি কমানোর জন্য সম্পদ এবং দায়-দেনার নির্দিষ্ট সময়ান্বেষণে বিভিন্নমুখী মূল্যমান করতে হবে। বিষয়টি পুঙ্খানুপুঙ্খ রূপে বিশ্লেষণ করতঃ এধরনের প্রেক্ষাপটে প্রয়োজনীয় সংশোধনী আনার ব্যবস্থা থাকতে হবে। এই ঝুঁকি পরিমাপ করতে সাধারণভাবে অনুসরণীয় হলো: সংবেদনশীল সম্পদ-পরিসম্পদের সুদ হার ও মোট সম্পদ-পরিসম্পদের সুদ হারের অনুপাত এবং সংবেদনশীল দায়-দেনার সুদ হার এবং মোট দায়-দেনার সুদ হারের অনুপাত মূল্যায়ন।

৩ সুদ হার প্রাক্কলন :

একটি ক্রেডিট ইউনিয়নে সাধারণভাবে বিভিন্ন সম্পদ-পরিসম্পদ ও দায়-দেনার সুদ হার প্রাক্কলনই মূল বিষয় নয়। তবে সুদ হার পরিবর্তনের কারণে ক্রেডিট ইউনিয়নের যেন ক্ষতি সাধিত না হয় সেই দিকে দৃষ্টি রেখেই পরিবর্তনের গতি প্রকৃতি ও অবস্থান বিবেচনা করে সুদ নির্ণয়ের কাজ সমাপ্ত করতে হবে। নির্দিষ্ট সময়ান্বেষণে “কি এবং যদি” ভিত্তিতে বিভিন্ন পরিবর্তনের ফলাফলের হিসাব বিশ্লেষণ করেই এধরনের পরিবর্তন আনতে হবে।

নিম্নমুখী সুদ হার-এর ফলে আয়ের নিম্নমুখী পার্থক্যের কারণে নির্দেশিকায় কোন প্রকারেই উচ্চাভিলাসী ক্ষতিকর উর্ধ্বমুখী সুদ হার পরিবর্তনের পদক্ষেপ গ্রহণ করা যাবে না। ক্রেডিট ইউনিয়নের না সূচক বা নিম্নমুখী সুদ হারে পার্থক্য বা ব্যবধানের ফলশ্রুতিতে ক্রেডিট ইউনিয়নকে নিবিড়ভাবে তদারকীর মাধ্যমে সম্পদের পরিপক্বতার সহনশীল ঝুঁকি বহনে সহায়তা করতে পারে, যার মাধ্যমে ক্রেডিট ইউনিয়ন আয় অর্জনে সক্ষম হতে পারে। যেমন - দীর্ঘ মেয়াদে বিনিয়োগের সুদ হার যদি স্বল্প মেয়াদে বিনিয়োগের সুদ হার-এর চেয়ে বেশি হয়।

সম্পদ-পরিসম্পদে বিনিয়োগে অর্জিত মুনাফার উপর দায়-দেনার প্রদত্ত সুদ হার প্রাক্কলনে নেতিবাচক ব্যবধান সর্বদা সুদ হার-এর নিম্নমুখী প্রবণতাকেই বিশেষভাবে দায়ী করা ঠিক নয়। এধরনের নেতিবাচক ব্যবধান ক্রেডিট ইউনিয়নকে নিবিড় তদারকীর মাধ্যমে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনার পরিপক্বতার মধ্যস্থতাকারী হিসেবে সম্প্রদায়জনকভাবে বর্ধিষ্ণু উর্ধ্বমুখী উপাদান হতে আয় বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা যায়। অর্থাৎ দীর্ঘ মেয়াদের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা সুদ হার, স্বল্প মেয়াদের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনার সুদ হার হতে বেশি হতে হবে। এধরনের প্রক্রিয়ায় একটি ক্রেডিট ইউনিয়ন তার সদস্যদের বিভিন্ন মাত্রিক সেবাদানের মাধ্যমে মূলধন বৃদ্ধি, লাভজনক অবস্থা বজায় রাখা এবং লভ্যাংশ প্রদানের সমর্থ অর্জনে সক্ষম হয়।

৩ তারল্য এবং নগদ অর্থ প্রবাহের ব্যবধান :

সম্পদ-পরিসম্পদের পরিপক্বতা ক্রেডিট ইউনিয়নের নগদ অর্থের অস্ফুর্মুখী প্রবাহ বৃদ্ধি করে এবং দায়-দেনা পরিপক্বতা নগদ অর্থের বহিঃমুখী প্রবাহ বৃদ্ধি করে। নগদ অর্থ প্রবাহের অস্ফুর্মুখী এবং

বহিঃমুখী পরিসংখ্যানের ব্যবধান ক্রেডিট ইউনিয়নের স্থিতি পত্রে অর্থের তারল্যের অবস্থান নির্দেশ করে। ক্রেডিট ইউনিয়নের নগদ অর্থের তারল্য এমনভাবে তদারক করতে হবে যেন তারল্যের সংকট সৃষ্টি বা অধিক তারল্য সংরক্ষণের অবস্থার সৃষ্টি না হয়। ক্রেডিট ইউনিয়নের ঋণ গ্রহণের ক্ষমতা নির্ধারণ এবং অর্থের সাময়িক প্রয়োজনীয়তা বিবেচনা করে সেই ক্রেডিট ইউনিয়নের তারল্য এবং অস্ফুর্মুখী ও বহিঃমুখী নগদ অর্থ প্রবাহের ব্যবধানের অবস্থা নির্ধারণ করতে হবে।

৫। সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থায় বিনিয়োগ নীতিমালা :

* একথা বিশেষভাবে উল্লেখ্য যে, একটি ক্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালার উল্লেখযোগ্য পরিবর্তনের জন্য বোর্ডের অনুমোদনের প্রয়োজন। তবে বোর্ড ক্রেডিট ইউনিয়নের বিনিয়োগের গুণগত মান নিশ্চিত করতে ব্যবস্থাপনাকে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা নীতিমালার পরিবর্তন আনয়ন পূর্বক দৈনন্দিন কার্য সম্পাদনের সীমিত ক্ষমতা প্রদান করে নির্দেশনা প্রদান করতে পারে।

* সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনার লক্ষ্য নীতিমালা এবং নির্দেশিকার আলোকে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনার মেয়াদ পূর্তির অবস্থান বিবেচনা করে উল্লেখযোগ্য মেয়াদ পূর্তির পর প্রয়োজনীয় সমন্বয় সাধনের মাধ্যমে সুদ হার ও তারল্যের উপর (অনুমিত) উপর অধিকতর নিয়ন্ত্রণ বজায় রাখা।

* বিনিয়োগের সকল সিদ্ধান্ত ড্রেডিট ইউনিয়নের বিনিয়োগ নীতিমালার সঙ্গে সঙ্গতি পূর্ণ হতে হবে। তবে কোন বিনিয়োগের মেয়াদ পূর্তির সঙ্গে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালার বর্ণিত মেয়াদ পূর্তির সঙ্গে সামঞ্জস্য পূর্ণ না হলে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালায় বর্ণিত ব্যবস্থাকে অগ্রাধিকার প্রদান করেই বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৬। সম্পদ-পরিসম্পদ পুঞ্জীভূত করণ নীতিমালা :

একটি ড্রেডিট ইউনিয়ন সম্পদ-পরিসম্পদ পুঞ্জীভূত করণ নীতিমালার মাধ্যমে ড্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনাকে সম্পদ-পরিসম্পদ পরিচালনার নির্দেশনা ও দায়বদ্ধতা দান করে থাকে। যে কোন একটি বিশেষ বা নির্দিষ্ট খাতে ঋণ অথবা বিনিয়োগের অনাকাঙ্ক্ষিত দুর্যোগ মোকাবেলার জন্য নিচে বর্ণিত বিনিয়োগের সীমাবদ্ধতা বা দায়বদ্ধতা পালন করতে হবে:

বিনিয়োগ	সীমাবদ্ধতা
ঋণ	মোট সম্পদের ৮০%
নিয়মিত সদস্যদের নিকট জামিন বিহীন ঋণ	
৩ বৎসরে মেয়াদ পূর্তিযোগ্য ঋণ	
ক্ষুদ্রঋণ বিতরণ	
গৃহায়ন ঋণ	
যে কোন বন্ড ক্রয়	
স্থায়ী আর্থিক বিনিয়োগ	
আয় বিহীন সম্পদ	মোট সম্পদের সর্বোচ্চ ৫%
তারল্য সংরক্ষণ (ব্যংক জমা + স্বল্পমেয়াদী ঋণ)	মোট জমার ১৫%

৭। প্রতিবেদন পদ্ধতি :

বোর্ড ড্রেডিট ইউনিয়নের সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন ও অনুমোদনের ভূমিকা পালন করে। বিধায় বোর্ডকে সর্বদা এই নীতিমালার বিভিন্ন দিক ও ঝুঁকি বিষয়ে অবহিত রাখতে হবে। নিচে বর্ণিত পদ্ধতিতে প্রতিবেদন প্রস্তুত ও পেশ করতে হবে।

৮। বোর্ডের নিকট সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা প্রতিবেদন পেশ :

ত্রৈমাসিক ভিত্তিতে ড্রেডিট ইউনিয়নের কোষাধ্যক্ষ নিজের তথ্যসমূহ উল্লেখ করে বোর্ডের নিকট প্রতিবেদন পেশ করবে :

- * মানদণ্ডের মৌলিক অনুপাত সমূহের বিশ্লেষণ;
- * উল্লেখিত সময় কালে আয় ও ব্যয়ের ব্যবধান;
- * আয় সৃষ্টিকারী সম্পদ-পরিসম্পদের প্রকৃত আয়কৃত সুদ; এবং
- * যে কোন বিশেষ আর্থিক সমস্যা বা বিষয় যা বোর্ডের পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

৯। সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা নীতিমালা সংশোধন :

বাস্তব প্রয়োজনীয়তার ভিত্তিতে সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা ব্যবস্থাপনা কমিটি এই নীতিমালার সমন্বয় বা সংশোধনের জন্য বোর্ডের নিকট সুপারিশ পেশ করবেন। সময়ের চাহিদানুযায়ী এই নীতিমালা নির্দিষ্ট সময়স্কে পর্যালোচনা এবং প্রয়োজনের নিরিখে সংশোধিত হওয়া বাঞ্ছনীয়। এজন্য বোর্ডকে অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সম্পদ-পরিসম্পদ এবং দায়-দেনা বিশ্লেষণ কার্যপত্র
(কোন দায়-দেনা কোন সম্পদে বিনিয়োগ করবে---)

ক্রেডিট ইউনিয়নের নাম : -----

(----- পর্যন্ত)

সম্পদ ও পাওনা	পরিমাণ	%	দায়-দেনা	পরিমাণ	%
চলতি					
নগদ অর্থ : হাতে নগদ ব্যাংক জমা - সঞ্চয়ী জমা - স্বল্পমেয়াদী ব্যাংক আমানত ক) ৩ মাস বা তার কম সময়ের খ) ৩ মাসের অধিক কিন্তু ৬ মাসের বেশি সময়ের নয় গ) ৬ মাসের অধিক কিন্তু ৯ মাসের বেশি সময়ের নয় ঘ) ৯ মাসের অধিক কিন্তু ১২ মাসের বেশি সময়ের নয়			বিবিধ সঞ্চয় : - সাধারণ সঞ্চয় - স্বল্প মেয়াদী সঞ্চয় ক) ৩ মাস বা তার কম সময়ের খ) ৩ মাসের বেশি হতে ৬ মাস সময়ের গ) ৬ মাসের বেশি হতে ৯ মাস সময়ের ঘ) ৯ মাসের বেশি ১২ মাস সময়ের		
চলতি আদায়যোগ্য ঋণ : - স্বল্পমেয়াদী ক) ৩ মাস বা তার কম সময়ে খ) ৩ মাসের অধিক তবে ৬ মাসের মধ্যে গ) ৬ মাসের অধিক তবে ৯ মাসের মধ্যে ঘ) ৯ মাসের অধিক তবে ১২ মাসের মধ্যে			বাহিরের উৎসের ঋণ যা ১ বৎসরের মধ্যে পরিশোধযোগ্য		
অন্যান্য সম্পদ : - অব্যবহৃত অফিস সাপ- আই - অগ্রিম পরিশোধিত ব্যয় ইত্যাদি			প্রদেয় হিসাব : ইতিমধ্যে সম্পাদিত কাজের ব্যয়		
মোট :			মোট :		

সম্পদ ও পাওনা	পরিমাণ	%	দায়-দেনা	পরিমাণ	%
দীর্ঘমেয়াদী					
নগদ বিনিয়োগ : (নির্দিষ্ট মেয়াদের আমানত, সরকারী বন্ড বা সঞ্চয় পত্র) - ১ বৎসরের অধিক সময়ের কিন্তু ২ বৎসরের অধিক নয় - ২ বৎসরের অধিক সময়ের কিন্তু ৩ বৎসরের অধিক নয় - ৩ বৎসরের অধিক সময়ের কিন্তু ৪ বৎসরের অধিক নয় - ৪ বৎসরের অধিক সময়ের কিন্তু ৫ বৎসরের অধিক নয় - ৫ বৎসরের অধিক সময়ের			সদস্যদের দীর্ঘমেয়াদী সঞ্চয় আমানত - ১ বৎসরের অধিক হতে ২ বৎসর সময়ের - ২ বৎসরের অধিক হতে ৩ বৎসর সময়ের - ৩ বৎসরের অধিক হতে ৪ বৎসর সময়ের - ৪ বৎসরের অধিক হতে ৫ বৎসর সময়ের - ৫ বৎসরের অধিক সময়ের		
দীর্ঘমেয়াদী ঋণের স্থিতি : - ১ বৎসরের অধিক হতে ২ বৎসর সময়ের - ২ বৎসরের অধিক হতে ৩ বৎসর সময়ের - ৩ বৎসরের অধিক হতে ৪ বৎসর সময়ের - ৪ বৎসরের অধিক হতে ৫ বৎসর সময়ের - ৫ বৎসরের অধিক সময়ের			বাহিরের উৎসের দীর্ঘমেয়াদী ঋণ - ১ বৎসরের অধিক হতে ২ বৎসর সময়ের - ২ বৎসরের অধিক হতে ৩ বৎসর সময়ের - ৩ বৎসরের অধিক হতে ৪ বৎসর সময়ের - ৪ বৎসরের অধিক হতে ৫ বৎসর সময়ের - ৫ বৎসরের অধিক সময়ের অন্যান্য দায়-দেনা : শিক্ষা তহবিল, কল্যাণ তহবিল ও সামাজিক উন্নয়ন তহবিল		
উপ:মোট :			উপ:মোট :		
মোট : সম্পদ-পরিসম্পদ			প্রাতিষ্ঠানিক উন্নয়ন তহবিল (সাধারণ সংরক্ষিত তহবিল ও মালিকানা স্বত্ব - Equity)		
প্রতিফলিত বিপদসমূহ			মোট : দায়-দেনা		
			প্রয়োজনীয় সুপারিশ		

